রমল প্রকরণ

অর্থাৎ

যবনাচার্য্য পিথেগোরাস মত অনুসারে গণনা।

দ্বিতীয় খণ্ড।

কলিকাতা,
দরজীপাড়া,—৬নং লাল ওস্তাগরের লেন

হইতে

শ্রীনবীনকৃষ্ণ দেব ও শ্রীমন্মথ
মুস্তফীর দ্বারা প্রকাশিত।

কলিকাতা,

বেদান্ত-প্রেস,—৫৬ নং বিডন্ ষ্ট্রীট

শ্রীনীলাম্বর বিদ্যারত্ন দ্বারা মুদ্রিত।

সন ১২৯৭ সাল।

মূল্য ।।০ আট আনা মাত্র।

গুরু।

গুরু জগৎ গুরু, ত্রৈলোক্যের গুরু, ব্রহ্মাণ্ডের গুরু,

গুরুর গুরু, ব্রহ্মানন্দ স্বরস্বতী স্বামী।

গুরুর প্রধান মন্ত্রশিষ্য যোগানন্দ

——— কণ্ঠস্থ চার মঠের

পীর স্বামী।

ষোড়শ আকৃতি যাচার মধ্যে যে গৃহে আসিলে যে ফল হয় ।।

১। প্রথম আকৃতি ⚍ লহিয়ান যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ—।।

১। লহিয়ান প্রথম ঘরে আসিলে প্রশ্নকারক ভাল থাকে, সুখে থাকে, আরামে থাকে ও তাহার অদৃষ্টে ভাল হয়; কোন সাধু হইতে তাহার বাঞ্ছা পূর্ণ হয়। এই সমস্ত ফল বিনা শ্রমে তাঁহার মনবাঞ্ছা অনুযাইক প্রমান রকমে দৈবকর্তৃক ও বিশ্বাসী নানা প্রকার লোকের দ্বারায় নিশ্চয় সিদ্ধ হইবে।

যাহার দ্বারা হইবে তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ব) হইবে; এবং যত দিনের মধ্যে ফল অনুভব করায় তাহার সংখ্যা ২ দুই দিবস।

২। লহিয়ান দ্বিতীয় ঘরে আসিলে ভাল থাকে; ভাল হয়; ভাল অবস্থায় থাকে, ও তাহার অন্তকরণের সহিত ভাল খরচ করে; ভাল ব্যাচা কেনা হয়; এই সমস্ত ফল ৩ তিন দিবসের মধ্যে অনুভব করিতে পারে।

নামের আদ্য অক্ষর (জ); ৩ তিন দিবসের মধ্যে হইবে।

৩। লহিয়ান তৃতীয় ঘরে আসিলে ভাই, ভগ্নি এবং আত্মিয়গণের নিকট হইতে লাভ হয়, এবং শীঘ্র নিকট বিদেশ যাইলে সম্পূর্ণ লাভ হয়। পাঁচ জনের দ্বারায় ভাল হয়।

নামের আদ্য অক্ষর (দ); ৫ পাঁচ দিবসের মধ্যে হইবে।

৪। লহিয়ান চতুর্থ গৃহে আসিলে সন্তোষের সহিত

আপনার স্থান হইতে বাহির হয়। বিষয় হয়, শব্য হয় পিতার বিষয়, ধন ও জিনিস পায়; পিতা মাতা সন্তোষে থাকে পিতামাতা ভাল থাকে।

নামের আদ্য অক্ষর (হ); ৮ দিনের মধ্যে হয়।

৫। লহিয়ান পঞ্চম গৃহে আসিলে, পুত্র ও ভালবাসা স্ত্রিলোকের ভাল হয়; তাহাদিগের সন্তোষের সংবাদ পাওয়া যায়, তাহারা ভাল বাসে; এবং ভেট পাওয়া যায়।

নামের আদ্য অক্ষর (ব); ১২ দ্বাদশ দিবসের মধ্যে হয়।

৬। লহিয়ান ষষ্ঠ গৃহে আসিলে, বাামহ ভাল হয়, অদৃষ্ট ক্রমে টাট্টু ঘোড়া পাইবে; এবং দাস দাসী হইতে লোকসান হয়।

নামের আদ্য অক্ষর (জ); ১৭ সতের দিবসের মধ্যে।

৭। লহিয়ান সপ্তম গৃহে আসিলে সম চরিত্র স্ত্রি লোকের সহিত বিবাহ হয়; বাটীর বিদেশী বাটীতে আসে, শত্রুর ভয় থাকে, এবং শত্রুর দ্বারা লোক সান হয়॥

নামের আদ্য অক্ষর (হ); ২৩ ত্রয়োবিংশতি দিবসে।

৮। লহিয়ান অষ্টম গৃহে আসিলে অংশীদার দাবিদার এবং শত্রু হইতে ভয় হয়, আনিত লোকের দ্বারায় দাবির জমি পাওয়া অদৃষ্টে থাকে।

নামের আদ্য অক্ষর (ত্র); ৩০ ত্রিংশ দিবসের মধ্যে।

৯। লহিয়ান নবম গৃহে আসিলে, ভাল সংবাদ পায়, স্থানান্তরে যাইলে লাভ হয়; বিশ্বাস হয়; বিদ্যা হয়, ভাল স্বপ্ন দেখে; এবং তীর্থে গমন করে। উপায় উদ্ভাবন করে।

নামের আদ্য অক্ষর (য), ৩৮ অষ্টত্রিংশ দিবস।

১০। লহিয়ান দশম গৃহে আসিলে, মাতা ভাল বাসেন, এবং তাঁহার নিকট হইতে পরিতোষ জন্মে; উন্নতি কিম্বা পদবৃদ্ধি হয়; রাজার নিকট হইতে মান্য পায়; কাজি, রাজা, হাকিম, মুরব্বির দ্বারায় সন্তোষের সহিত বাঞ্ছা পূর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (ক) ৪৭ সাতচল্লিশ দিবসের মধ্যে

১১। লহিয়ান একাদশ গৃহে আসিলে সৎ চরিত্র হয়। বন্ধুর দ্বারায় কিম্বা ভদ্রলোকের দ্বারায় মনের মতন লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ল) ৫৭ সাতান্ন দিবসের মধ্যে।

১২। লহিয়ান দ্বাদশ গৃহে আসিলে, পুরাতন দুঃখ দূর হয়, বড় জন্তু লোকসান, শত্রুর দ্বারায় ভয়; কয়েদি খালাস পায়। বিনাশ্রমে এই সকল ফল ঘটিবে।

নামের আদ্য অক্ষর (ম) ৬৮ আটষট্টি দিনের মধ্যে।

১৩। লহিয়ান ত্রয়োদশ গৃহে আসিলে ভাল হয়, কাহারও আজ্ঞাতে বিদেশে যাইয়া কুশলে পুনরায় ফিরিয়া আসে।

নামের আদ্য অক্ষর (ন); ৮০ অশীতি দিনের মধ্যে।

১৪। লহিয়ান চতুর্দ্দশ গৃহে আসিলে প্রশ্নকারক বিদেশে যাইলে ভাল হয়, সাধুর দ্বারায় উপকার হইবে; বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (স) ৯৩ তিরানব্বুই দিবসে।

১৫। লহিয়ান পঞ্চদশ গৃহে কদাচও আইসে না।

১৬। লহিয়ান ষোড়শ গৃহে আসিলে জন্মভোর ভাল থাকে অর্থাৎ ইহ কালে ও পরকালে ভাল হয়। অদৃষ্টে ভাল ফলই থাকে।

নামের আদ্য অক্ষর (ফ); ১২২ একশত বাইশ দিবস।

২। দ্বিতীয় আকৃতি ⚍ কজুল দাখিল যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ ॥

১। কজুল দাখিল প্রথম গৃহে আসিলে লাভ হয়; পোঁতা অর্থ সহজে প্রাপ্ত হয়; এবং অর্থ সম্বন্ধীয় মনের মানস সহজে পূর্ণ হয়। বাঞ্ছানুরূপ ফল নিশ্চয়ই হয়।

যাহার দ্বারায় হয় তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (স); ১৫ পঞ্চদশ দিবসের মধ্যে ফল অনুভব হয়।

২। কজুল দাখিল দ্বিতীয় গৃহে আসিলে পরিশ্রম দ্বারায় অর্থ লাভ হয়; নষ্ট দ্রব্য পুঃনরায় পায়; ব্যবসায় লাভ হয়। বিশ্বাসী লোকের দ্বারায় মনোবাঞ্ছা পূর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (অ); ১৬ ষোল দিবস মধ্যে হয়।

৩। কজুল দাখিল তৃতীয় গৃহে আসিলে ভ্রাতা কিম্বা কুটুম্বের দ্বারায় অর্থ লাভ হয় ও বিদেশে যাইলে অর্থ লাভ হয়। অনায়াসে উপায় জানিতে পারিয়া বিনাশ্রমে লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ফ); ১৮ অষ্টাদশ দিবসের মধ্যে।

৪। কজুল দাখিল চতুর্থ গৃহে আসিলে কাহার আজ্ঞায় পিতার নিকট হইতে কিম্বা ভূমি হইতে অর্থলাভ হয়; আর ভাইয়ের অর্থ হয়।

নামের আদ্য অক্ষর (স) ২১ একবিংশতি দিবসের মধ্যে

৫। কজুল দাখিল পঞ্চম গৃহে আসিলে বিনা শ্রমে গৃহে ভাল থাকে; ভেট পায়, পুত্র কিম্বা ভালবাসা স্ত্রি লোকের দ্বারায় লাভ হয়।

নামের আদ্য আক্ষর (ক); ২৫ পঞ্চবিংশতি দিবস।

৬। কব্জুল দাখিল ষষ্ঠ গৃহে আসিলে বাটীর পীড়িত ব্যক্তি কষ্ট পাইয়া পরে আরোগ্য হয় এবং তাহার লাভ হয়; গোপনীয় কথা ব্যক্ত না হইয়া তৎসক্রান্তে লাভ হয়; ও দাস দাসী বৃদ্ধি হয়। এই সকল ঘটনা আপনার আনিত লোকের দ্বারায় ও নানাবিধ লোক দ্বারায় ঘটে।

নামের আদ্য অক্ষর (শ) ৩০ ত্রিশ দিবসের মধ্যে।

৭। কব্জুল দাখিল সপ্তম গৃহে আসিলে শত্রুর পক্ষে ভয় থাকে; স্ত্রী দ্বারায় লাভ হয়; বিবাহেতে মানস সিদ্ধ হয় ও পরিতোষ জন্মে।

নামের আদ্য অক্ষর (শ); ৩৬ ছত্রিশ দিবসের মধ্যে।

৮। কব্জুল দাখিল অষ্টম গৃহে আসিলে জমি হইতে লাভ হয়; জমির দাবি করিলে অর্থ পাইবে, বন্ধুর সহিত বিবাদ হয়; রোগী লোকের মনে মিথ্যা ভয় হয়।

নামের আদ্য অক্ষর (ত) ৪৩ তেতাল্লিশ দিবসের মধ্যে।

৯। কব্জুল দাখিল নবম গৃহে আসিলে ৪০ চল্লিশ দিনের মধ্যে উত্তম স্বপ্ন দেখে ও লাভ হয় ও মনের ভাব প্রাপ্ত হয় আর স্থানান্তরে কার্য্য সিদ্ধি হয়; বিদ্যা শিখিতে ইচ্ছা হয় এবং তীর্থে গমন করে।

নামের আদ্য অক্ষর (স); ৫১ একান্ন দিবসের মধ্যে।

১০। কব্জুল দাখিল দশম গৃহে আসিলে বিনা শ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়; রাজা, হাকিম, মাতা; কিম্বা মুরব্বির দ্বারায় মানস সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ষ); ৬০ ষষ্ঠি দিবসের মধ্যে।

১১। কব্জুল দাখিল একাদশ গৃহে আসিলে অর্থ হয়;

এবং প্রার্থনা সিদ্ধ হইবে; বন্ধুর নিকট হইতে ও বিদ্যান ব্যক্তির সাহায্যে অর্থ পাইবে; এবং সৌভাগ্যের আশা প্রাপ্ত হইবে। ঐ সকল দৈব কর্ত্তৃক ঘটিবে।

নামের আদ্য অক্ষর (য); ৭০ সোত্তর দিবসের মধ্যে।

১২। কজ্জুল দাখিল দ্বাদশ গৃহে আসিলে কয়েদী বেশী দিন কয়েদ থাকে, বড় জন্তু বেশী হয়; শত্রু হইতে সাবধান থাকিবে; পরমেশ্বরের আরাধনা করিলে আপদ হইতে মুক্ত হয়। এই সকল হইবার উপায় কেহ দেখাইয়া দেয়।

নামের আদ্য অক্ষর (জ); ৮১ এক আশিতি দিবস।

১৩। কজ্জুল দাখিল ত্রয়োদশ গৃহে আসিলে ভাল হয়; প্রশ্ন কর্ত্তার স্বীয়ানুরূপ পণ্ডিতের নিকট উপদেশ প্রাপ্ত হয়। হাকিমের নিকট হইতে অর্থ লাভ হয়। বিশেষ রূপে এই সকল ফল হয়।

নামের আদ্য অক্ষর (জ্ব) ৯৩ তিরানর্ব্বই দিবসের মধ্যে।

১৪। কজ্জুল দাখিল চতুর্দ্দশ গৃহে আসিলে পাঁচ জনের দ্বারায় ও জানিত লোকের দ্বারায় হৃত বস্তু পুনরায় প্রাপ্ত হয়; তীর্থে যাওয়া হয় না।

নামের আদ্য অক্ষর (গ) ১০৬ একশত ছয়দিনের মধ্যে।

১৫। কজ্জুল দাখিল পঞ্চদশ গৃহে আসিলে, সহজে মানস সিদ্ধ হয়, ভাল থাকে, এবং হৃত বস্তু পুনঃ প্রাপ্ত হয়।

নামের আদ্য অক্ষর (অ); ১২০ একশত বিংশতি দিন।

১৬। কজ্জুল দাখিল ষোড়শ গৃহে আসিলে, অনেক দূর হইতে সংবাদ আইসে; এবং অর্থ পায়।

নামের আদ্য অক্ষর (ব); ১৩৫ এক শত পয়ত্রিশ দিন।

৩। তৃতীয় আকৃতি $\genfrac{}{}{0pt}{}{\circ}{\underline{\circ}}$ কব্জুল খারিজ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। কব্জুল খারিজ প্রথম গৃহে আসিলে লোকসান হয়, মন খারাপ থাকে, বিদেশ যাইতে হয়, মন্দ অদৃষ্ট জানিবে।

যাহার দ্বারায় ঘটিবে তাহার রাশির কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ব); ৬ ছয় দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। কব্জুল খারিজ দ্বিতীয় গৃহে আসিলে ব্যবসায় লোকসান হয়। অনর্থক অর্থ খরচ হয়।

নামের আদ্য অক্ষর (জ); ৭ সাত দিনের মধ্যে।

৩। কব্জুল খারিজ তৃতীয় গৃহে আসিলে শীঘ্র অল্প দূর বিদেশে যাইতে হয়; আপনার জানিত লোক উপায় দেখাইয়া দেয় এবং নিশ্চয়ই মনোবাঞ্ছা পূর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (হ); ৯ নয় দিবসের মধ্যে।

৪। কব্জুল খারিজ চতুর্থ গৃহে আসিলে বিষয়ের ও তৈজস আদি দ্রব্যের ও পৈতৃক বিষয়ের লোকসান হয়; বিদেশে কষ্ট পায়, ও এক বাটী হইতে অন্য বাটীতে যায়।

নামের আদ্য অক্ষর (ত্র); ১২ দ্বাদশ দিবসের মধ্যে।

৫। কব্জুল খারিজ পঞ্চম গৃহে আসিলে প্রতিবেশীর সহিত বিবাদ হয় পুত্র ও ভালবাসা স্ত্রীলোক বিদেশে যায়; এবং মিথ্যা খবর শুনিবে; দুঃখের কথা আন্দোলন করে; বন্ধু ও ভালবাসা মেয়ে মানুষ হইতে বিচ্ছেদ হইবে। বিশ্বাসী লোকের দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (য); ১৬ ষোড়শ দিবসের মধ্যে।

৬। কব্জুল খারিজ ষষ্ঠ গৃহে আসিলে পীড়া আরোগ্য হয়; দাস দাসী পলাইয়া যায়; গোপনীয় কথা ব্যক্ত হয়।

নামেরআদ্য অক্ষর (ক); ২১ একবিংশতি দিবস।

৭। কব্জুল খারিজ সপ্তম গৃহে আসিলে অংশীদারের সহিত বিবাদ হয়; এক বাটী হইতে অন্য বাটীতে যাইতে হয় এবং যাঁহাকে যাইতে হয় তিনি কষ্ট পাইয়া থাকেন, স্বামী ও স্ত্রীতে ভিন্ন হয়।

নামের আদ্য অক্ষর (ল); ২৭ সাতাইশ দিবসের মধ্যে।

৮। কব্জুল খারিজ অষ্টম গৃহে আসিলে শঙ্কার স্থান হইতে নিরাপদ স্থানে আইসে; এক পরিবার হইতে ভিন্ন হয়; হৃত বস্তু পুনঃ প্রাপ্ত হয়। বিনাশ্রমে উত্তম রূপ লাভ হয়। কেহ জানাইয়া দেয়।

নামের আদ্য অক্ষর (ম); ৩৪ চৌত্রিশ দিবসের মধ্যে।

৯। কব্জুল খারিজ নবম গৃহে আসিলে মন্দ হয়, নানা-বিধ মন্দ স্বপ্ন দেখে, ধর্ম্মপথে মতি গতি থাকে; আবশ্যকিয় কার্য্যের নিমিত্ত বিদেশে যাইলে লাভ হয় না এবং তথায় ভয় হয়। হুকুম দ্বারায় প্রমাণ রূপে এই সকল ঘটে।

নামের আদ্য অক্ষর (ন); ৪২ বিয়াল্লিশ দিবসের মধ্যে।

১০। কব্জুল খারিজ দশম গৃহে আসিলে রাজা ও মান-নীয় ব্যক্তির নিকট হইতে মান্যের হ্রাস হয়; কারবারে মন্দ ঘটনা ঘটে; কর্ম্মচ্যুত হয়। মানের লাঘব হয়; মাতার নিকট হইতে ভিন্ন হয়; হাকিম হইতে সাহায্য পায়। বিনা শ্রমে এই সকল ঘটনা ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (স); ৫১ একান্ন দিবসের মধ্যে।

১১। কজ্‌জুল খারিজ একাদশ গৃহে আসিলেধন দৌলত পায়; কোন সিদ্ধ ব্যক্তির নিকট হইতে লাভ হয়; মুরব্বির দ্বারায় অর্থের লাভ হয়; বন্ধুদিগের দুঃখ দেওয়া নিস্ফল হয়।

নামের আদ্য অক্ষর (অ); ৬১ একষট্টি দিবসের মধ্যে।

১২। কজ্‌জুল খারিজ দ্বাদশ গৃহে আসিলে দৈবকর্ত্তৃক কয়েদী নিষ্কৃতি পায়, শত্রুর ভয় থাকে না। এবং হিংস্রক বড় জন্তু নষ্ট হয়।

নামের আদ্য অক্ষর (ফ); ৭২ বাহাত্তর দিবসের মধ্যে।

১৩। কজ্‌জুল খারিজ ত্রয়োদশ গৃহে আসিলে গোপনে পলাতক ব্যক্তি পুনরায় ফিরিয়া আইসে; বিদেশী বিলম্বে গৃহে আসে; কষ্টের বিষয় অন্যকে জানায়।

নামের আদ্য অক্ষর (স); ৮৪ চুরাশী দিবসের মধ্যে।

১৪। কজ্‌জুল খারিজ চতুর্দ্দশ গৃহে আসিলে বিদেশে যাইলে অর্থ হয়; অর্থের লোভে পড়িয়া কোন স্থানে যাইলে অর্থ হয় না।

নামের আদ্য অক্ষর (ক); ৯৭ সাতানব্বই দিবস মধ্যে।

১৫। কজ্‌জুল খারিজ পঞ্চদশ গৃহে আসিলে ধনলাভে বিলম্ব এবং ধন হানি হইয়া থাকে; শারিরীক কষ্ট দূর হয়; নানাবিধ লোক দ্বারায় এই সকল ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (র); ১১১ এক শত একাদশ দিনে।

১৬। কজ্‌জুল খারিজ ষোড়শ গৃহে আসিলে ইহকালে এবং পরকালে মন্দ ঘটে; যে কোন কর্ম্ম হউক তাহাতেই লোকসান হয়। এই সকল ঘটনা জানিত লোক দ্বারায় হইবে।

নামের আদ্য অক্ষর (শ) ১২৬ এক শত ছাব্বিশ দিনে।

৪। চতুর্থ আকৃতি জমায়েত ☰ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ॥

১। জমায়েত প্রথম গৃহে আসিলে বিদ্যা শিক্ষা কিম্বা দেওয়ানি কর্ম্মের নিমিত্ত চিন্তিত রাখে; তপস্যা করায়। জ্ঞানিত লোকের দ্বারা এই সকল ঘটিয়া থাকে।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (অ); ১৬ ষোড়শ দিনের মধ্যে ফল অনুভব হয়।

২। জমায়েত দ্বিতীয় গৃহে আসিলে অর্থ পাইতে বিলম্ব হয়; পণ্ডিতের দ্বারায় সাহায্য পাইয়া উন্নতি ও সাহসের সহিত ব্যবসা করিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ফ); ১৭ সতর দিনের মধ্যে।

৩। জমায়েত তৃতীয় গৃহে আসিলে কার্য্যে বিলম্ব হয়, বিদেশে যাওয়া হয় না। কোন ভয় থাকে না; ভাই কিম্বা ভগ্নির দ্বারায় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (স); ১৯ উনবিংশতি দিবস।

৪। জমায়েত চতুর্থ গৃহে আসিলে; ভাল হয়, পৈতৃক সম্পত্তি ক্ষমতার সহিত প্রাপ্ত হয়; দৈব কর্ত্তৃক নিশ্চয় মনোবাঞ্ছা সিদ্ধ হইবে। দৈব কর্ত্তৃক বিদেশ যাইতে নিষেধ।

নামের আদ্য অক্ষর (ক); ২২ দ্বাবিংশ দিবস।

৫। জমায়েত পঞ্চম গৃহে আসিলে স্ত্রি, পুত্র ছাড়িয়া অপর দেশে যাইলে লাভ হইবে; পুত্র কিম্বা ভালবাসা মেয়ে মানুষের দ্বারায় ভেট পায় এবং উহাদের সহিত বিবাদ হয়।

নামের আদ্য অক্ষর (র); ২৬ ছাব্বিশ দিবস।

৬। জমায়েত ষষ্ঠ গৃহে আসিলে, হৃত বস্তু পাইবে, কয়েদী খালাস হইবে না; পীড়া বহু দিবস স্থায়ী হয়; দাস দাসী মধ্যবিত্ত রকম থাকে। মনের মতন কার্য্য সিদ্ধি হইবে।

নামের আদ্য অক্ষর (শ); ৩১ এক ত্রিংশ দিবস।

৭। জমায়েত সপ্তম গৃহে আসিলে গোপনীয় বিষয়, সরিকী বিষয়, হারান বিষয় পায়, কোন রকম মকর্দ্দমা হয়, বিবাদ হয়; এই সমস্ত বিলম্বে হয়।

নামের আদ্য অক্ষর (ত); ৩৭ সাইত্রিশ দিবসের মধ্যে।

৮। জমায়েত অষ্টম গৃহে আসিলে কর্জ্জ বিলম্বে সোধ যায়, জমীর পক্ষে ভাল হয়, পৈতৃক বিষয় পাওয়া যায়, হৃত বস্তু পুনরায় পাওয়া যায় না দাবী করিলে ক্ষান্ত হইবে।

নামের আদ্য অক্ষর (স); ৪৪ চুয়াল্লিশ দিবস মধ্যে।

৯। জমায়েত নবম গৃহে আসলে রাত্রে স্বপ্ন দেখে, স্বপনেঁ কাল হস্তী দেখে; স্বপ্ন ঠিক হয়; কষ্ট পায়, পণ্ডিতের দ্বারায় লাভ হয়; বিদ্যা শিক্ষা হয়, বিদেশে যায় না।

নামের আদ্য অক্ষর (ষ); ৫২ বাহান্ন দিবস মধ্যে।

১০। জমায়েত দশম গৃহে আসিলে দেওয়ানী কার্য্য সফল হয়; তাহাতে ভয় থাকিবে; আবশ্যকীয় কর্ম্মে বিলম্ব হয়, মাতার দ্বারায় পরিতোষ জন্মে।

নামের আদ্য অক্ষর (য); ৬১ একষষ্টি দিবস মধ্যে।

১১। জমায়েত একাদশ গৃহে আসিলে, বন্ধুর দ্বারায় অর্থ জমিবে, প্রার্থনা সিদ্ধ হইবে, এবং নানা বিধ লোক দ্বারায় নানা রকমে অর্থ জামিবে।

নামের আদ্য অক্ষর (জ) ৭১ একাত্তর দিবস মধ্যে।

১২। জমায়েত দ্বাদশ গৃহে আসিলে বড় জন্তু পাইবে কয়েদী বহু দিন শত্রুর হস্তে থাকে; শত্রু সংখ্যা বৃদ্ধি হয়, এবং শত্রুর নিকট বিষয় থাকে।

নামের আদ্য অক্ষর (ভ্র); ৮২ বিরাশী দিবস মধ্যে।

১৩। জমায়েত ত্রয়োদশ গৃহে আসিলে গুপ্ত বিষয় শীঘ্র প্রাপ্ত হয়; প্রার্থিত বস্তু শীঘ্র পায়; নুতন আশা সফল হয় না। কেহ উপায় দেখাইয়া দেয়; বিনাশ্রমে নিশ্চয় লাভ হইবে।

নামের আদ্য অক্ষর (গ) ৯৪ চুরানব্বুই দিবস মধ্যে।

১৪। জমায়েত চতুর্দ্দশ গৃহে আসিলে বিলম্বে ভাল হয়, ও মানস পূর্ণ হয়। এই সকল বিষয় কাহারও হুকুম দ্বারা হয়।

নামের আদ্য অক্ষর (অ) ১০৭ একশত সাত দিবস মধ্যে।

১৫। জমায়েত পঞ্চদশ গৃহে আসিলে ১২০ একশত কুড়ি দিবসের মধ্যে মানস সিদ্ধ হয়; কোন নির্দ্দিষ্ট বস্তুর নিমিত্ত সদত চেষ্টা থাকে, মনের মানস প্রকাশ পায়; বিনা*শ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ব) ১২১ একশত একুশ দিবস মধ্যে।

১৬। জমায়েত ষোড়শ গৃহে আসিলে মন পরিতোষ জনক বিষয় ভাল থাকে; ১৩৬ একশত ছত্রিশ দিবস মধ্যে বিশ্বাসী লোক দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়। কেহ উপায় বলিয়া দেয়। আপনার জানিত পাচ জন লোক দ্বারায় বিশেষ রকমে ভাল হয়।

নামের আদ্য অক্ষর (জ) ১৩৬ একশত ছত্রিশ দিবস মধ্যে।

---

* যদ্যপি জাচায় চারিটি কিম্বা ততোধিক জমায়েত আইসে তাহা হইলে মানসিক কার্য্য সিদ্ধ হয় না।

৫। পঞ্চম আকৃতি $\frac{\circ}{\circ}$ ফরাহ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ—॥

১। ফরাহ প্রথম গৃহে আসিলে অদৃষ্ট ক্রমে অত্যন্ত সৌভাগ্য হয়; আনন্দের বিষয় হইয়া থাকে; পুত্র দ্বারায় ও ভালবাসা স্ত্রীলোকের দ্বারায় কামনা সিদ্ধ হয়; এক দিনের মধ্যে কামনা জানিতে পারা যায়; পাঁচ জনের দ্বারায় কার্য্য সিদ্ধি হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (অ); যত দিনের ভিতর ফল অনুভব হইবে তাহার নির্দ্ধারিত দিন সংখ্যা (১) এক দিন।

২। ফরাহ দ্বিতীয় গৃহে আসিলে বিদেশ হইতে সংবাদ আইসে, পত্র পায়, ব্যবসা হয় এবং বিনাশ্রমে নিশ্চয় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ব); দিন সংখ্যা ২ দুই দিবস।

৩। ফরাহ তৃতীয় গৃহে আসিলে ভাই ও বন্ধুর দ্বারায় বন্ধুতা স্থাপিত হয়; নিকটস্থ কোন দেশে যাইবে; এবং যাইলে ভাল হইবে। ঐ সকল কাহার আজ্ঞায় কিম্বা কোন বিশ্বাসী লোক দ্বারা মনোমত রূপে সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (জ); দিন সংখ্যা ৪ চারি।

৪। ফরাহ চতুর্থ গৃহে আসিলে গৃহে প্রত্যাগমন করে; পিতার সন্তোষ উৎপাদন করে; পৈতৃক বিষয় পায় ও তাহাকে বৃদ্ধি করে; বিনাশ্রমে কার্য্য সিদ্ধি হয়

নামের আদ্য অক্ষর (দ); দিন সংখ্যা ৭ সাত।

৫। ফরাহ পঞ্চম গৃহে আসিলে ভালবাসা মেয়ে মানুষের দ্বারায় ও পুত্রের দ্বারায় মনস্কামনা সিদ্ধি হয়, ভেট পায়; এবং সন্তোষ জনক সংবাদ পায়। দৈব কর্ত্তৃক নিশ্চয় মনোবাঞ্ছা সিদ্ধ হইবে, কেহ উপায় বলিয়া দেয়।

নামের আদ্য অক্ষর (হ); দিন সংখ্যা ১১ একাদশ।

৬। ফরাহ ষষ্ঠ গৃহে আসিলে, পীড়া হইতে আরোগ্য হয়; বিচ্ছেদ জ্বালা হইতে পরিত্রাণ পায়, প্রিয়ার সহিত কলহ হয় ও পরে নূতন প্রণয় জন্মে; পুত্র ও কন্যার সহিত বিবাদ হয় পরে পুনরায় সদ্ভাব হয়।

নামের আদ্য অক্ষর (ব); দিন সংখ্যা ১৬ ষোড়শ।

৭। ফরাহ সপ্তম গৃহে আসিলে জ্ঞাতি অংশীদারি মকদ্দমায় মস্কোমনা সিদ্ধ হয়, বিদেশী ভাল থাকে, স্ত্রীপুরুষে উত্তম রূপে মিল থাকে। নানাবিধ লোক দ্বারা উত্তমরূপা ভাল হয়।

নামের আদ্য অক্ষর (জ); দিন সংখ্যা ২২ বাইস।

৮। ফরাহ অষ্টম গৃহে আসিলে, ঋণ পরিশোধ হয়, স্ত্রীলোকের জিনিষ পায়; বন্ধুদিগের কথোপকথন হয়।

নামের আদ্য অক্ষর (হ); দিন সংখ্যা ২৯ উনত্রিশ।

৯। ফরাহ নবম গৃহে আসিলে রাত্রে ভাল স্বপ্ন দেখে; মুরব্বির দ্বারায় কার্য্য সিদ্ধি হয়, ধর্ম্ম চর্চ্চার জ্ঞানের সহিত উন্নতি হয়; অলঙ্কার কিম্বা বাদ্য যন্ত্র হয়, নদী কিম্বা পুষ্করণীর ধারে ভাল অট্টালিকা হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ত্ব); দিন সংখ্যা ৩৭ সাইত্রিশ।

১০। ফরাহ দশম গৃহে আসিলে মাতার দ্বারায় লাভ

হইবে ; ভাল রাজ কর্ম্ম হইবে ; রাজা, হাকিম ও আমলা সকলে তাহার উপরে বিশেষ রূপে সন্তুষ্ট থাকে।

নামের আদ্য অক্ষর (য) ; দিন সংখ্যা ৪৬ ছিয়াল্লিশ।

১১। ফরাহ একাদশ গৃহে আসিলে বন্ধুর দ্বারায় কার্য্য সফল হয় ; দেওয়ানি আমলার দ্বারায় সন্তোষ জন্মে ; পুত্রের দ্বারায় আহ্লাদিত হয় ; জানিত লোক দ্বারায় বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ক) ; ৫৬ ছাপান্ন দিবসের মধ্যে।

১২। ফরাহ দ্বাদশ গৃহে আসিলে বন্ধুর বিচ্ছেদ ও শত্রুর সহিত মিত্রতা হয় ; কয়েদী নিষ্কৃতি পায় ; বৃহৎ জন্তু লাভ হয় ; এবং বন্ধু শত্রু হয়।

নামের আদ্য অক্ষর (ল) ; ৬৭ সাতষট্টি দিবস।

১৩। ফরাহ ত্রয়োদশ গৃহে আসিলে পুত্র ও বন্ধুর দ্বারায় হঠাৎ মন আহ্লাদিত হয় ; আপনার মন্ত্রব্যে আপনি সন্তুষ্ট থাকে ; বিদেশী শীঘ্র গৃহে আইসে ; আপনার জানিত লোক দ্বারায় ভালবাসা স্ত্রীলোকের সহিত সাক্ষাৎ হয়।

নামের আদ্য অক্ষর (ম] ; ৭৯ উনআশি দিবস।

১৪। ফরাহ চতুর্দ্দশ গৃহে আসিলে পুত্র ও বন্ধুর দ্বারায় মনস্কামনা সিদ্ধ হয় ; প্রশ্নকর্ত্তার মনের বাসনা সহজে পূর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (ন) ; ৯২ বিরানব্বুই দিবস।

১৫। ফরাহ পঞ্চদশ গৃহে আইসে না।

১৬। ফরাহ ষোড়শ গৃহে আসিলে প্রশ্নকর্ত্তা নিজে ভাল থাকেন ও সমস্তই ভাল থাকে।

নামের আদ্য অক্ষর (অ) ; ১২১ এক শত একুশ দিবস।

৬। ষষ্ঠ আকৃতি ঃ ওকলা যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ॥

১। ওকলা প্রথম গৃহে আসিলে পীড়িত ব্যক্তি ও কয়েদি ভাল থাকিবে; কয়েদ হবে; দুঃখ পাইবে; গমনে অনিচ্ছুক থাকে।

যাহার দ্বারায় হইবে তাহার রাশির কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (য); ১০ দশ দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। ওকলা দ্বিতীয় গৃহে আসিলে মোহর যুক্ত দ্রব্য পাইবে, জন্তু লাভ; কারবারে লাভ হয়; দ্রব্যাদি নষ্ট হয়; ছোট জন্তুর ব্যবসা করিবে; ও ক্রতদাসের ব্যবসা করিবে জানিত ব্যক্তি দ্বারায় এই সকল হইবে।

নামের আদ্য অক্ষর (ক); ১১ একাদশ দিবস মধ্যে হইবে।

৩। ওকলা তৃতীয় গৃহে আসিলে বিদেশে যাইলে ভাল হয় ভ্রাতার বিশেষ মন্দ হয়; আত্মীয় কিম্বা ভ্রাতার সহিত বিবাদ হয় ও ভিন্ন হয়।

নামের আদ্য অক্ষর (ল); ১৩ ত্রয়োদশ দিবস।

৪। ওকলা চতুর্থ গৃহে আসিলে পৈতৃক সম্পত্তি নষ্ট হয় কিম্বা উত্তরাধিকারি হইতে পারে না; চুরি হয়; এক স্থানে হইতে অন্য স্থানে যাইতে হয়; বিনাশ্রমে নিশ্চয় হইবে।

নামের আদ্য অক্ষর (ম); ১৬ ষোড়শ দিবস মধ্যে।

৫। ওকলা পঞ্চম গৃহে আসিলে সন্তানের ভাল হয়, বিশেষ গর্ভস্থ সন্তানের; নানাবিধ সংবাদ আইসে; ভাল বাসা স্ত্রিলোকের সহিত বিচ্ছেদ হয়; বন্ধুর পীড়া হয়, মন্দ সংবাদ

আইসে। এই সকল ঘটনা কাহারও আজ্ঞা দ্বারায় হয়।

নামের আদ্য অক্ষর (ন); ২০ বিংশতি দিবস।

৬। ওকলা ষষ্ঠ গৃহে আসিলে সম্পত্তি ভিন্ন ভিন্ন হয়; পীড়া হইলে কষ্ট পাইবে; ছোট জন্তুর ও ক্রুত দাসের ব্যবসা হয়; নিশ্চয় মনবাঞ্ছা সিদ্ধ হইবে; বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (স); ২৫ পঞ্চবিংশতি দিবস।

৭। ওকলা সপ্তম গৃহেআসিলে হৃত বস্তুর সন্ধান পাইবে না; মুরব্বিকে ভয় করিবে, মকর্দ্দমা সত্য হইবে; বিদেশী বিলম্বে বাটীতে আসিবে; বিবাহ শীঘ্র হইবে।

নামের আদ্য অক্ষর (অ); ৩১ একত্রিশ দিবস।

৮। ওকলা অষ্টম গৃহে আসিলে দৈব কর্ত্তৃক ঋণ পরি-শোধ হয়; হৃত বস্তু পুনরায় পায়, বিষয় অধিকারে আইসে

নামের আদ্য অক্ষর (ফ); ৩৮ অষ্টত্রিংশ দিবস।

৯। ওকলা নবম গৃহে আসিলে রাত্রে নানাবিধ স্বপ্ন দ্বারায় মন ভাবিত থাকে; বিদেশী বিদেশে বহুদিন থাকে বিদ্যার উন্নতি হয়; বিনা শ্রমে কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (স); ৪৬ ছিয়াল্লিশ দিবস।

১০। ওকলা দশম গৃহে আসিলে দাস দাসীর দ্বারায় লাভ হইবে, মাতার পীড়া হইবে; হাকিম সহায় থাকে; মনের মতন কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ক) (৫৫) পঞ্চান্ন দিবস মধ্যে।

১১। ওকলা একাদশ গৃহে আসিলে হৃত বস্তু পাওয়া যায়; বন্ধুর পক্ষ হইতে ভয় হয়;দাস দাসিকে ভাল বাসিবে।

পাঁচ জনের দ্বারায় এই সকল ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (র); ৬৫ পয়ষট্টি দিবস।

১২। ওকলা দ্বাদশ গৃহে আসিলে বৃহৎ জন্তুর বল বৃদ্ধি হইয়া থাকে। শত্রু হইতে ভয় হয়ও শত্রু অত্যন্ত কষ্টে পড়িবে কিম্বা কয়েদ যাইবে; নানাবিধ লোকদ্বারায় এই সমস্ত ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (শ); ৭৬ ছিয়াত্তর দিবস মধ্যে।

১৩। ওকলা ত্রয়োদশ গৃহে আসিলে বিদেশ হইতে কেহ আইসে; দৈব কর্ত্তৃক প্রশ্ন কর্ত্তার কোথাও গমন ঘটিয়া উঠে না; প্রার্থিত বস্তু প্রাপ্ত হয়; দাস দাসী হইবে; জন্তু বেশী হইবে। কেহ উপায় বলিয়া দেয়।

নামের আদ্য অক্ষর (ত); ৮৮ অষ্ট আশী দিবস।

১৪। ওকলা চতুর্দ্দশ গৃহে আসিলে বিদেশী বাটীতে আসিবে কয়েদী নিষ্কৃতি পাইবে; দাস দাসীর বৃদ্ধি হইবে; প্রশ্ন কর্ত্তার কোন কোন বিষয় সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (স); ১০১ একশত এক দিবস।

১৫। ওকলা পঞ্চদশ গৃহে আসিলে বন্ধুর দ্বারায় কামনা পূর্ণ হইবে; অবস্থা মন্দ যাইবে না; গুরুতর ব্যপার হইতে উত্তীর্ণ হইবে মকর্দ্দমায় ভয় হয় ও কয়েদীর ভয় থাকে এই সকল আপনার জানিত লোকের দ্বারায় ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ষ) ১১৫ একশত পঞ্চদশ দিবস।

১৬। ওকলা ষোড়শ গৃহে আসিলে প্রশ্নকর্ত্তার কারবার বন্ধ থাকিবে, বিদেশীর ভাল হইবে; পীড়া আরোগ্য হইবে; বড় জন্তু লোকসান হইবে।

নামের আদ্য অক্ষর (য); ১৩০ একশত ত্রিশ দিবস।

৭। সপ্তম আকৃতি অক্কিশ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ ॥

১। অক্কিশ প্রথম গৃহে আসিলে, প্রশ্নকর্ত্তার হঠাৎ দুঃখ হয়; স্ত্রীলোকের দ্বারায় কষ্ট পায়, কারবার বন্ধ হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (হ); ৮ অষ্ট দিবসের মধ্যে ফল অনুভব হয়।

২। অক্কিশ দ্বিতীয় গৃহে আসিলে বন্ধুর সহিত বিবাদ হয়; হৃত বস্তু প্রাপ্ত হয়; স্ত্রীলোকের দ্বারায় উপদেশ প্রাপ্ত হয়; অংশীদার এবং নিরুদ্দেশী ব্যক্তি আসে; মকর্দ্দমা হয়।

নামের আদ্য অক্ষর (ত্ব); ৯ নয় দিবস মধ্যে।

৩। অক্কিশ তৃতীয় গৃহে আসিলে বিদেশে যাওয়া হয় না; ভ্রাতা ভিন্ন হয় ও বিদেশে যায়; মকর্দ্দমায় দাবী করে।

নামের আদ্য অক্ষর (য) ১১ একাদশ দিবস মধ্যে।

৪। অক্কিশ চতুর্থ গৃহে আসিলে পিতার দ্রব্য ও জমি পায়; পিতার ধন বৃদ্ধি হয়; বিদেশী ফিরিয়া আইসে শত্রু হয়; ও প্রশ্নকর্ত্তা একটী মেয়ে মানুষ পায়। নানাবিধ লোক দ্বারায় উপায় উদ্ভাবন হইয়া প্রমাণ রকমে হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ক); ১৪ চতুর্দ্দশ দিবস মধ্যে।

৫। অক্কিশ পঞ্চম গৃহে আসিলে, গুপ্ত সংবাদ প্রাপ্ত হয় মেয়ে মানুষ ভাল বাসে; দুর্ণাম হয়; সন্তানের প্রতি অসন্তুষ্ট থাকে; বিনাশ্রমে নিশ্চয় লাভ হইবে। কেহ বলিয়া দেয়।

নামের আদ্য অক্ষর (ল); ১৮ অষ্টাদশ দিবস মধ্যে।

৬। অক্কিশ ষষ্ঠ গৃহে আসিলে পীড়া বৃদ্ধি হয়; দাস

দাসী ও স্ত্রীলোকের প্রতি দুর্ণাম হয় ; ছোট জন্তু বেশী হয় ; হৃত বস্তু প্রাপ্ত হয় ; কেহ আজ্ঞা করে।

নামের আদ্য অক্ষর (ম) ; ২৩ ত্রয়োবিংশতি দিবস।

৭। অঙ্কিশ সপ্তম গৃহে আসিলে প্রবাসী ভাল থাকে ; দাস দাসী পাওয়া যায় ; স্ত্রী সঙ্গমে বেশী পারগ হয় ; সরিকান হইতে লোকসান হয় ; ঋণের জন্য জেলে যাইতে হয় ; নষ্ট দ্রব্য লাভ হয়। জানিত লোক দ্বারায় বিনাশ্রমে মনোবাঞ্ছানুযাইক কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ন) ; ২৯ উনত্রিংশ দিবস মধ্যে।

৮। অঙ্কিশ অষ্টম গৃহে আসিলে কলহ হয় ; পীড়া হয় ; ঋণ বৃদ্ধি হয় ; পৈতৃক সম্পত্তি পায় ; বিদেশে লাভ হয় ; মনের বাসনা সফল হয় ; আপনার জানিত বিশ্বাসী লোকের দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (স) ; (৩৬) ছত্রিশ দিবস মধ্যে।

৯। অঙ্কিশ নবম গৃহে আসিলে বিদেশে গমন করিতে হয় ; স্ত্রী পায় ; অংশীদার হইতে লাভ হয় ; কোন কাল বড় জন্তু স্বপ্ন দেখে ; বাসনানুযাইক কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (অ) ; ৪৪ চুয়াল্লিশ দিবস মধ্যে।

১০। অঙ্কিশ দশম গৃহে আসিলে হাকিম ও মুরব্বি হইতে ভয় হয় ; ও তৎক্ষণাৎ ভয় নিবারণ হয় ; মনস্কামনা সিদ্ধ হইবে, এবং বিস্মৃত কিম্বা চোরিত দ্রব্য প্রাপ্ত হয় ; অংশীদারের মকর্দ্দমায় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ফ) ; ৫৩ তিপান্ন দিবস মধ্যে।

১১। অঙ্কিশ একাদশ গৃহে আসিলে, বিবাহ হয় ; বিদেশী

ভাল থাকে, পণ্ডিতের সহিত বন্ধুতা হয়।

নামের আদ্য অক্ষর (স); ৬৩ তেষট্টি দিবস মধ্যে।

১২। অঙ্কিশ দ্বাদশ গৃহে আসিলে শত্রু বেশি হয়, শত্রুর হস্তে বন্দী হয়; ও কয়েদীর ক্লেশ হয়; বড় জন্তু বেশীহয়।

নামের আদ্য অক্ষর (ক); ৭৪ চুয়াত্তর দিবস।

১৩। অঙ্কিশ ত্রয়োদশ গৃহে আসিলে বিদেশী প্রত্যাগমন করে; চুরির বস্তু প্রকাশ হয়; মেয়ে মানুষের সহিত বিবাদ হয়; পীড়িত ব্যক্তি কষ্ট পায়।

নামের আদ্য অক্ষর (র); ৮৬ ছিয়াশি দিবস মধ্যে।

১৪। অঙ্কিশ চতুর্দ্দশ গৃহে আসিলে দৈবকর্ত্তৃক হৃত বস্তু প্রাপ্ত হয়; বিদেশী লোক আইসে; মনস্কামনা সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (শ); ৯৯ নিরানর্ব্বুই দিবস।

১৫। অঙ্কিশ পঞ্চদশ গৃহে আইসে না।

১৬। অঙ্কিশ ষোড়শ গৃহে আসিলে শত্রুরা বলহীন হয়; বিধবা মেয়ে মানুষ পাওয়া যায়; অংশীদার হইতে লাভ হয়; শেষে ভয় ও পরিশ্রম হয়।

নামের আদ্য অক্ষর (স); ১২৮ একশত আটাশ দিবস।

৮। অষ্টম আকৃতি ⚍ হোমরা যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। হোমরা প্রথম গৃহে আসিলে কলহে কিম্বা যুদ্ধে ভয় হয়; মন খারাপ হয়; রক্ত বেশী হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য

অক্ষর (জ) ; এবং ৭ সাত দিবসের মধ্যে ফল অনুভব হয়।

২। হোমরা দ্বিতীয় গৃহে আসিলে মান হানি হয় ; স্বর্ণ কিম্বা লাল কাপড় পায় ; কারবারে নির্ধনী হইতে হয় ; কিন্তু এই দ্বিতীয় গৃহের সাক্ষির স্থল ৬। ১০। ১৪। গৃহে শুভ দাখিল আসিলে লাভ হয়। নানাবিধ লোকের দ্বারায় বিনা-শ্রমে প্রমান রকমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (হ) ; ৮ আট দিবস।

৩। হোমরা তৃতীয় গৃহে আসিলে ভ্রাতা ও ভগ্নীর সহিত কলহ হয়, আত্মীয় দ্বারায় ক্ষতি হয়। বিদেশে লাভ হয় না।

নামের আদ্য অক্ষর (ত্ব) ; ১০ দশ দিবস মধ্যে।

৪। হোমরা চতুর্থ গৃহে আসিলে মনে ভয় হয় ; সর্ব্বত্রই চোর কিম্বা ডাকাইত ভয় হয় ; নিজালয় ছাড়িয়া অপর কোন স্থানে থাকিলে পৈতৃক ধন সম্বন্ধে হানি হয়।

নামের আদ্য অক্ষর (য); ১৩ ত্রয়োদশ দিবস মধ্যে

৫। হোমরা পঞ্চম গৃহে আসিলে রোগীর ভয় হয় ; পুত্রের মন্দ সংবাদ শুনে ; মিথ্যা সংবাদ শ্রবণ করে ; তত্ত্ব করিলে হানি হয়।

নামের আদ্য অক্ষর (ক), ১৭ সপ্তদশ দিবস।

৬। হোমরা ষষ্ঠ গৃহে আসিলে কয়েদী ও রোগী দুঃখ পায় ; ফোড়া বেশী হয় ; কয়েদী পলায়ন করে ; দাসদাসীরা বজ্জাতি করে ও চুরি করে ; স্ত্রীলোকের সহিত প্রণয়ানুরোধে শপথ করে ও তৎপরে তাহাকে পরিত্যাগ করে। দৈব কর্ত্তৃক পাচ জনের দ্বারায় কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ল); ২২ দ্বাবিংশ দিবস।

৭। হোমরা সপ্তম গৃহে আসিলে বহু বিবাহ হয়; দ্রব্যাদি রাশি কৃত হয়; অনেক মকর্দ্দমা হয়; শত্রু ভয় হয়; অংশীদারিতে লাভ হয়; বাটির কাহার পীড়া হয়, ও কষ্ট হয়।

নামের আদ্য অক্ষর (ম); (২৮) অষ্ট বিংশতি দিবস।

৮। হোমরা অষ্টম গৃহে আসিলে গুপ্ত দ্রব্য পায়; ঋণ পরিশোধে বিলম্ব হয়; ভয় হয়; হৃত বস্তু পাওয়া যায় না; কেহ উপায় বলিয়া দেয়; নিশ্চয় মন বাঞ্ছা সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ন); ৩৫ পইত্রিশ দিবস।

৯। হোমরা নবম গৃহে আসিলে বিদেশী ব্যক্তি আইসে না; মন্দ স্বপ্ন দেখে; চোরের ভয় হয়।

নামের আদ্য অক্ষর (স) ৪৩ তেতাল্লিশ দিবস।

১০। হোমরা দশম গৃহে আসিলে বিশ্বাসী লোকের দ্বারায় হাকিম হইতে ভয়; মান্যনীয় ব্যক্তির দ্বারায় কষ্ট পায়; চাকরিতে কষ্ট হয়; মাতার নিকট হইতে পৃথক হয়।

নামের আদ্য অক্ষর (অ); ৫২ বাহান্ন দিবস মধ্যে।

১১। হোমরা একাদশ গৃহে আসিলে পণ্ডিত ব্যক্তি কষ্ট দেয়; বন্ধু শত্রু হয়; হৃত বস্তু প্রাপ্ত হয়; প্রার্থনা নিষ্ফল হয়। কেহ উপায় বলিয়া দেয়; বিনাশ্রমে নিশ্চয় লাভ হইবে।

নামের আদ্য অক্ষর (ফ); ৬২ বাষট্টি দিনের মধ্যে।

১২। হোমরা দ্বাদশ গৃহে আসিলে বিদেশী কষ্ট পায়, দ্রব্য হানি, শত্রু ভয়; কয়েদী কষ্ট পায়; বড় জন্তু পায়; এই সকল কাহার আজ্ঞায় জানিত লোক দ্বারায় হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (স); ৭৩ তিয়াত্তর দিবস।

১৩। হোমরা ত্রয়োদশ গৃহে আসিলে, বিদেশী গৃহে

আইসে ; হৃত বস্তু প্রাপ্ত হয় ; স্ত্রীলোক হইলে কার্য্য সফল হয় ; বিনাশ্রমে মনের মতন কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ক) ; ৮৫ পচাশি দিবস মধ্যে।

১৪। হোমরা চতুর্দ্দশ গৃহে আসিলে কামনা সিদ্ধ হয় না। হৃত বস্তু ও চোরের বস্তু প্রাপ্ত হয় ; প্রবাসী কষ্ট পায়। এই সকল আপনার জানিত লোকের দ্বারায় ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (র) ; ৯৮ আটানব্বুই দিবস।

১৫। হোমরা পঞ্চদশ গৃহে আইসে না।

১৬। হোমরা ষোড়শ গৃহে আসিলে বহু বিবাহ হয় ; শত্রু ভয় হয় ; নিরুদ্দেশী ব্যক্তির কষ্ট হয়।

নামের আদ্য অক্ষর (ত); ১২৭ একশত সাতাইশ দিবস।

৯। নবম আকৃতি বিয়াজ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। বিয়াজ প্রথম গৃহে আসিলে সুখে থাকে ; দ্রব্যাদি লাভ হয় ; বিদেশে লাভ হয় ; প্রথম কার্য্য ভাল হয় ; জল বাড়ি, ঘাস, সাদাবস্তু, এই সকল স্বপ্ন দেখে।

যাহার দ্বারায় হইবে তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (দ) ; ৪ চারি দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। বিয়াজ দ্বিতীয় গৃহে আসিলে বিদেশে ভাল থাকে কর্ম্ম হয় ; বহু দ্রব্যাদি হয় ; বন্ধু ভাল থাকে, রূপা পায় ; উত্তম রূপে কার্য্য হয়।

নামের আদ্য অক্ষর (হ) ; ৫ পাচ দিবস মধ্যে।

৩। বিয়াজ তৃতীয় গৃহে আসিলে আত্মীয় স্বজন ভাল থাকে; সন্তোষ হয়; ভাই ভগ্নি কিম্বা নিকট কুটম্বের দ্বারা লাভ হয়; নিকটে যাইলে উত্তম রূপ লাভ হয়; নানা বিধ লোকের দ্বারায় উত্তম রূপ হয়।

নামের আদ্য অক্ষর (ব); ৭ সাত দিবস মধ্যে।

৪। বিয়াজ চতুর্থ গৃহে আসিলে ভূমি বৃদ্ধি হয়; বাগান ও ক্ষেত্র হয়; বিদেশ হইতে শুভ সংবাদ আসে; পিতার দ্বারায় মনস্কামনা সিদ্ধ হয়; ও আপনার মনের কথা জানিতে পারে; বিশ্বাসী লোকের দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (জ); (১০) দশ দিনের মধ্যে।

৫। বিয়াজ পঞ্চম গৃহে আসিলে পুত্র ভাল থাকে, সুসংবাদ আইসে; বন্ধুর নিকট হইতে ভেট আইসেও সাক্ষাৎ হয়।

নামের আদ্য অক্ষর (হ); ১৪ চতুর্দ্দশ দিবস মধ্যে।

৬। বিয়াজ ষষ্ঠ গৃহে আসিলে মেহর পীড়া আরোগ্য হয়; স্ত্রীলোকে ত্যাগ করে; দাস দাসী হয়; ছোট জন্তু লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ত্র); ১৯ উন বিংশতি দিবস।

৭। বিয়াজ সপ্তম গৃহে আসিলে বিদেশে যায়; লাভ হয়; বিদেশী ভাল থাকে; ব্যবসায় লাভ হয়; অংশের কারবারে বিশেষ লাভ হয়; বিবাহ হয়; মনের মতন কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (য); ২৫ পঞ্চবিংশতি দিবস মধ্যে।

৮। বিয়াজ অষ্টম গৃহে আসিলে ভয় নিবারণ হয়; পৈতৃক বিষয় পায়; পীড়া ভাল হয় না; কোন বিষয় দাবী করিলে পাওয়া যায়।

নামের আদ্য অক্ষর (ক); ৩২ দ্বাত্রিংশৎ দিবস মধ্যে।

৯। বিয়াজ নবম গৃহে আসিলে ধর্ম্ম বিষয়ে মতি হয়; রাত্রে সন্তোষ জনক স্বপ্ন দেখে বিদেশে যাইলে লাভ হয়; মনের কথা গোপন থাকে; কেহ উপায় দেখাইয়া দেয় এবং বিনাশ্রমে নিশ্চয় মনবাঞ্ছা সিদ্ধ হয় ও লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ল); ৪০ চত্বারিংশ দিবস মধ্যে।

১০। বিয়াজ দশম গৃহে আসিলে হাকিমের কিম্বা ব্যবসা দ্বারা লাভ হয়; কারবার আরম্ভ হয়; বিদেশে মানস সিদ্ধ হয়। কোন জানিত লোকের আজ্ঞায়, ও উপায় অবলম্বনে এই সকল হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ম); ৪৯ ঊন পঞ্চাশ দিবস।

১১। বিয়াজ একাদশ গৃহে আসিলে মুরব্বি ও অপরিচিত ব্যক্তির সহিত বন্ধুতা হয়; স্ত্রী লোকের দ্বারায় মানস সিদ্ধ হয়; বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ন); ৫৯ উনষাট দিবস মধ্যে।

১২। বিয়াজ দ্বাদশ গৃহে আসিলে বিদেশী ও রোগীর পক্ষে ভাল হয় না; বৃহৎ জন্তু লাভ হয়; শত্রু নিকটবর্ত্তী হইতে পারে না; কয়েদি বহু দিবস কয়েদ থাকে; আপনার জানিত পাঁচ জন লোকের দ্বারায় কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (স); ৭০ সত্তর দিবস মধ্যে।

১৩। বিয়াজ ত্রয়োদশ গৃহে আসিলে দৈবকর্তৃক বিদেশী ফিরিয়া আইসে; হৃত বস্তু পুঃন প্রাপ্ত হয়; বিদেশে যাইলে ভাল হয়।

নামের আদ্য অক্ষর (অ); ৮২ বিরাশী দিবস মধ্যে।

১৪। বিয়াজ চতুর্দ্দশ গৃহে আসিলে সকল কার্য্য ভাল

হয় ; মনের মানস সিদ্ধ হয় ; বিদেশী ভাল থাকে ; নষ্ট দ্রব্য পুনঃ প্রাপ্ত হয়।

নামের আদ্য অক্ষর (ফ) ; ৯৫ পঞ্চনর্ব্বুই দিবস মধ্যে।

১৫। বিয়াজ পঞ্চদশ গৃহে আইসে না।

১৬। বিয়াজ ষোড়শ গৃহে আসিলে সকল কার্য্যে ভাল হয় ; বিদেশে যাইলে ভাল হয়।

নামের আদ্য অক্ষর (ক) ; ১২৪ একশত চর্ব্বিশ দিন।

১০। দশম আকৃতি ঃ নশ্রুতুল খারিজ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ—॥

১। নশ্রুতুল খারিজ প্রথম গৃহে আসিলে অদৃষ্টে ভাল হয় ; প্রথম কার্য্য করিলে ভাল হয় ; মুরব্বি ও হাকিমের দ্বারায় ভাল হয়, ও কামনা পূর্ণ হয় ; ব্যবসায় লাভ হয়। কেহ উপায় বলিয়া দেয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (দ্ব) ৯ নয় দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। নশ্রুতুল খারিজ দ্বিতীয় গৃহে আসিলে দেওয়ান, হাকিম এবং বিদ্বান ব্যক্তির দ্বারায় ভাল হয় ; মনের মতন কার্য্য সিদ্ধ হয় ; সন্তোষের সহিত অর্থ ব্যয় করে।

নামের আদ্য অক্ষর (য) ; ১০ দশ দিবস মধ্যে।

৩। নশ্রুতুল খারিজ তৃতীয় গৃহে আসিলে মুরব্বির সহিত বিদেশে গমন করে ; ভাই ভগ্নী ও আত্মীয় দ্বারায় পরিতোষ জন্মে ; বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ক); ১২ দ্বাদশ দিবস মধ্যে।

৪। নক্ষত্রুল খারিজ চতুর্থ গৃহে আসিলে পিতার দ্বারায় ভাল হয়; বাটী মেরামত হয়; মুরব্বির দ্বারায় জমি পায়; রাজার দ্বারায় মনোবাঞ্ছা পূর্ণ হয়; বাণিজ্যের আরম্ভ করে।

নামের আদ্য অক্ষর (ল); ১৫ পঞ্চদশ দিবস মধ্যে।

৫। নক্ষত্রুল খারিজ পঞ্চম গৃহে আসিলে বহু পুত্র হয়; ভালবাসা স্ত্রীলোকের দ্বারায় আনন্দ জন্মে; বিদেশ হইতে কুশল খবর আইসে; মুরব্বির নিকট হইতে ভেট আইসে; এই সকল আপনার জানিত লোকের দ্বারায় ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ম); ১৯ উনবিংশতি দিবস মধ্যে।

৬। নক্ষত্রুল খারিজ ষষ্ঠ গৃহে আসিলে পীড়া আরোগ্য হয়; ছোট জন্তু ও দাস দাসীর দ্বারায় লাভ হয়; কয়েদী নিষ্কৃতি পায়; তেজারতি কর্ম্ম আরম্ভ করে; কঠিন কার্য্য শীঘ্র হয়।

নামের আদ্য অক্ষর (ন); ২৪ চব্বিশ দিবস মধ্যে।

৭। নক্ষত্রুল খারিজ সপ্তম গৃহে আসিলে অংশের কার্য্যে লাভ হয়; বিদেশী ব্যক্তি ভাল থাকে, এবং বাটী আসিতে ইচ্ছা হয়; বিবাহে শুভ হয়, কিন্তু শত্রুর দ্বারায় ভয় হয়।

নামের আদ্য অক্ষর (স); ৩০ ত্রিংশৎ দিবস মধ্যে।

৮। নক্ষত্রুল খারিজ অষ্টম গৃহে আসিলে মুরব্বি ও হাকিম হইতে ভয় হয়; পীড়াতে ভয় হয় কিন্তু ভাল হয়; পাগলের ভয়; পৈতৃক বিষয়ের জন্য কথোপকথন হয়।

নামের আদ্য অক্ষর (অ); ৩৭ সাইত্রিশ দিবস।

৯। নক্ষত্রুল খারিজ নবম গৃহে আসিলে বিদেশে জয় লাভ হয়; মন্দ কর্ম্মে স্থগিত দেয়; ধর্ম্ম বিষয়ক চর্চ্চা করে;

ঈশ্বরের স্তব করে; সন্তোষ জনক স্বপ্ন দেখে; পাঁচ জনের দ্বারায় কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ফ); (৪৫) পয়তাল্লিশ দিবস।

১০। নক্ষত্রুল খারিজ দশম গৃহে আসিলে রাজার দ্বারায় মান্য বৃদ্ধি হয়; হাকিমের দ্বারায় মানস সিদ্ধ হয়; বড় কার্য্য আরম্ভ করে; মাতা ভাল থাকে; দৈবকর্ত্তৃক বিনাশ্রমে নিশ্চয় মনোবাঞ্ছা সিদ্ধ হইবে ও লাভ হইবে।

নামের আদ্য অক্ষর (স); ৫৪ চুয়ান্ন দিবস মধ্যে।

১১। নক্ষত্রুল খারিজ একাদশ গৃহে আসিলে কাহার আজ্ঞায় বিশ্বাসী বন্ধু ও প্রিয় ব্যক্তির দ্বারায় মানস সিদ্ধ হয়: এবং মুরব্বি সন্তুষ্ট থাকে।

নামের আদ্য অক্ষর (ক); ৬৪ চৌষট্টি দিবস মধ্যে।

১২। নক্ষত্রুল খারিজ দ্বাদশ গৃহে আসিলে শত্রুর ক্ষমতা বৃদ্ধি হয়; জন্তুর ও দ্রব্যাদির হানি হয়; কয়েদী নিষ্কৃতি পায়; বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (র) ৭৫ পচাত্তর দিবস মধ্যে।

১৩। নক্ষত্রুল খারিজ ত্রয়োদশ গৃহে আসিলে জানিত লোকের দ্বারায় প্রশ্নকর্ত্তার মনস্কামনা সিদ্ধ হয়; হৃত বস্তু পায়।

নামের আদ্য অক্ষর (শ); ৮৭ সাতাশী দিবস মধ্যে।

১৪। নক্ষত্রুল খারিজ চতুর্দ্দশ গৃহে আসিলে কার্য্য কর্ম্মে উন্নতি হয়; পীড়া আরোগ্য হয়; বিদেশে কর্ম্ম সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ত); ১০০ এক শত দিবস মধ্যে।

১৫। নক্ষত্রুল খারিজ পঞ্চদশ গৃহে আসিলে মুরব্বি ও হাকিমের সহিত সাক্ষাৎ হয়: এবং বাণিজ্য ও অংশীদারি

কার্য্যে প্রমাণ রূপে লাভ হয়।

নামের আদ্য অক্ষর (স); ১১৪ একশত চতুর্দ্দশ দিবস।

১৬। নক্ষত্রুল খারিজ ষোড়শ, গৃহে আসিলে নানাবিধ লোকের দ্বারায় সমস্ত বিষয়ের আয়োজন হইয়া সকল কার্য্যে লাভ হয়; এবং প্রশ্নকারীর মনস্কামনা পূর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (ষ); ১২৯ একশত ঊনত্রিশ দিন।

১১। একাদশ আকৃতি ⚍ নক্ষত্রুল দাখিল যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। নক্ষত্রুল দাখিল প্রথম গৃহে আসিলে ভাল থাকে; যে কর্ম্ম আরম্ভ করে তাহাতেই ভাল হয়; বন্ধুর দ্বারায় মানস পূর্ণ হয়; হাকিমের দ্বারায় অর্থ লাভ হয়; মেয়ে মানুষ পায়, কাহার ও পরামর্শ অনুসারে বিনাশ্রমে নিশ্চয় লাভ হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশি কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ল); ১২ দ্বাদশ দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। নক্ষত্রুল দাখিল দ্বিতীয় গৃহে আসিলে ব্যবসায় লাভ হয়; দ্রব্যাদির বৃদ্ধি হয়; সম তুল্য ব্যক্তির সহিত বন্ধুতা হয়; কাহারও আজ্ঞায় এই সকল ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ম); ১৩ ত্রয়োদশ দিবস মধ্যে।

৩। নক্ষত্রুল দাখিল তৃতীয় গৃহে আসিলে বিদেশে লাভ হয়; ভ্রাতার আসবাব সমূহের বৃদ্ধি হয়; ভ্রাতা, ভগ্নি কিম্বা মুরব্বির দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ন); ১৫ পঞ্চদশ দিবস মধ্যে।

৪। নক্ষত্রুল দাখিল চতুর্থ গৃহে আসিলে পিতার অর্থ পায় পিতার দ্বারায় লাভ হয়; পৈতৃক ধন ও আসবাব বৃদ্ধি হয়; পীড়া হয়; বাটীতে অনেক লোক থাকে; শত্রু ভয় থাকে না। আপনার জানিত পাঁচ জন লোকের দ্বারায় এই সকল ফল হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (স); ১৮ অষ্টাদশ দিবস মধ্যে।

৫। নক্ষত্রুল দাখিল পঞ্চম গৃহে আসিলে পুত্র ও ভালবাসা স্ত্রীলোকের ভাল হয়, স্ত্রীলোকের সহিত ব্যবহার হয়; বন্ধুর সহিত সাক্ষাৎ হয়, ভেট আইসে; আহ্লাদ জনক পত্র পায়।

নামের আদ্য অক্ষর (অ); ২২ দ্বাবিংশ দিবস মধ্যে।

৬। নক্ষত্রুল দাখিল ষষ্ঠ গৃহে আসিলে সর্দ্দি অর্থাৎ কফের ব্যমহ হয়, মনের বাসনা গোপন থাকে; ছোট জন্তু কিম্বা দাস দাসী হইতে লাভ হয়।

নামের আদ্য অক্ষর (ফ); ২৭ সাতাইশ দিবস।

৭। নক্ষত্রুল দাখিল সপ্তম গৃহে আসিলে বিবাহ হয়, স্ত্রীলোক হইতে মানস সিদ্ধ হয়; অংশের ব্যবসায় লাভ হয়; বিদেশী ব্যক্তি ভাল থাকে; শত্রুর ভয় থাকে না।

নামের আদ্য অক্ষর (স); ৩৩ তেত্রিশ দিবস মধ্যে।

৮। নক্ষত্রুল দাখিল অষ্টম গৃহে আসিলে কোন বিষয়ে ভয় থাকে না; বেদখল বিষয় ও দ্রব্যাদি পাওয়া যায়; দাবী সিদ্ধ হয়; মুরব্বির রাগ হয়।

নামের আদ্য অক্ষর (ক); ৪০ চল্লিশ দিবস মধ্যে।

৯। নক্ষত্রুল দাখিল নবম গৃহে আসিলে দৈবকর্ত্তৃক ধর্ম্ম শাস্ত্রে বিজ্ঞ হয়; রাত্রে ভাল সন্তোষ জনক স্বপ্ন দেখিয়া

থাকে ; বিদেশে বিবাহ হয় ; হাকিম, মুরব্বি ও মন্ত্রীর দ্বারায় মনের মানস সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (র) ; ৪৮ আট চল্লিশ দিন মধ্যে।

১০। নশ্রুতুল দাখিল দশম গৃহে আসিলে ব্যবসায় লাভ হয় ; হাকিম ও বাদ্সাহের দ্বারায় সাহায্য পায় ; মাতার দ্বারায় মানস সিদ্ধ হয় ; অত্যন্ত মান্য বৃদ্ধি হয় ; আসবাব বৃদ্ধি হয়।

নামের আদ্য অক্ষর (শ) ; ৫৭ সাতান্ন দিবস মধ্যে।

১১। নশ্রুতুল দাখিল একাদশ গৃহে আসিলে সমস্ত মানস সিদ্ধ হয় ; বয়জেষ্ঠ্যা স্ত্রীলোকের দ্বারায় বন্ধুর বিবাহ হয় ; মুরব্বি সাহায্য করে।

নামের আদ্য অক্ষর (ত) ৬৭ সাতষট্টি দিবস মধ্যে।

১২। নশ্রুতুল দাখিল দ্বাদশ গৃহে আসিলে বন্ধু শত্রু হয় ও পুনঃরায় সদ্ভাব হয় ; বড় জন্তু বৃদ্ধি হয় ; কয়েদী বেশী দিন কয়েদ থাকে। বিশ্বাসী লোকের দ্বারায় বিনা শ্রমে মনের মতন কার্য্য সফল হইবে।

নামের আদ্য অক্ষর (স) ; (৭৮) আটাত্তর দিন।

১৩। নশ্রুতুল দাখিল ত্রয়োদশ গৃহে আসিলে স্ত্রীলোক অনুগ্রহ করে এবং বাসনা পূর্ণ করিবার চেষ্টা করে ; বিদেশী শীঘ্র বাটীতে আইসে।

নামের আদ্য অক্ষর (ষ) ; ৯২ নর্ব্বুই দিবস মধ্যে।

১৪। নশ্রুতুল দাখিল চতুর্দ্দশ গৃহে আসিলে কাহার উপায়ে এবং নানা বিধ লোকের দ্বারায় সমস্ত মতলব সিদ্ধ হয় ; মুরব্বি ও মন্ত্রীর দ্বারায় সুসংবাদ আইসে।

নামের আদ্য অক্ষর (য) ; ১০৩ একশত তিন দিবস।

১৫। নক্‌তুল দাখিল পঞ্চদশ গৃহে আসিলে মুরব্বির দ্বারায় দ্রব্যাদি বস্তু ও সাহায্য পায়; এবং জানিত লোকের দ্বারায় সকল কার্য্য ভাল হয়; বিদেশে ভাল হয়।

নামের আদ্য অক্ষর (জ); ১১৭ একশত সপ্তদশ দিবস

১৬। নক্‌তুল দাখিল ষোড়শ গৃহে আসিলে সকল কার্য্য ভাল হয়; ব্যবসায় লাভ হয়; মানস সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (জ্ব); ১৩২ একশত বত্রিশ দিন।

১২। দ্বাদশ আকৃতি ⁘ অতবে খারিজ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ ॥

১। অতবে খারিজ প্রথম গৃহে আসিলে অনর্থক বিদেশ যায়; বৃহৎ পশুর ব্যবসা করে; শত্রুর ভয় হয়, ও মনের ভয় হয়। আপনার জানিত লোকের দ্বারায় এই সকল ঘটিবে।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ম); ১৩ ত্রয়োদশ দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। অতবে খারিজ দ্বিতীয় গৃহে আসিলে অর্থ ও দ্রব্যাদির হানি হয়; শত্রুর ভয় হয়; দ্রব্যাদি লুটাইবার বাঞ্ছা হয়; বস্তুর ও পশুর লোকসান হয়।

নামের আদ্য অক্ষর (ন) দিন সংখ্যা ১৪ চতুর্দ্দশ।

৩। অতবে খারিজ তৃতীয় গৃহে আসিলে দৈব কর্ত্তৃক বিনা লাভে বিদেশ যাইতে হয়, ভাই, ভগ্নী, ও আত্মীয়েরা শত্রু হয়, এবং তাহারা পৃথক হয়।

নামের আদ্য অক্ষর (স); দিন সংখ্যা ১৬ ষোড়শ।

৪। অতবে খারিজ চতুর্থ গৃহে আসিলে পিতা বৈরী হয়; বাড়ি ঘর নষ্ট হয়; ও কোন কোন স্থলে দেশ হইতে তাড়িত হয়; এবং শক্রর দ্বারায় পৈতৃক বস্তু নষ্ট হয়।

নামের আদ্য অক্ষর (অ); দিন সংখ্যা ১৯ উনবিংশতি

৫। অতবে খারিজ পঞ্চম গৃহে আসিলে আহ্লাদ জনক সংবাদ পায়; পৃথক হয়; চুরি উপস্থিত হয়; পুত্রও ভাল-বাসা মেয়ে মানুষ পায়; পাঁচ জনের দ্বারায় কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ক); দিন সংখ্যা ২৩ তেইশ।

৬। অতবে খারিজ ষষ্ঠ গৃহে আসিলে গুপ্ত বাসনা প্রকাশ হয়; ভৃত্যরা পলায়; কঠিন পীড়া হয়; ও বেশী পশু হয়; জানিত লোকের দ্বারায় বিনাশ্রমে নিশ্চয় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (স); দিন সংখ্যা ২৮ অষ্টবিংশতি।

৭। অতবে খারিজ সপ্তম গৃহে আসিলে পৃথক হয়; চুরির দ্রব্য পায়; শক্র ভয় হয় কিন্তু পরে দুরীভূত হয়; দূরদেশে গমন করে; কাহার আজ্ঞায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ক); দিন সংখ্যা ৩৪ চৌত্রিশ।

৮। অতবে খারিজ অষ্টম গৃহে আসিলে ঋণ মুক্ত হয়; ভীত হয় না; মন স্কামনা সিদ্ধ হয়; জমি পায়; পীড়া হয়; বিনাশ্রমে সকল কার্য্য প্রমাণ রূপে সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (র) দিন সংখ্যা ৪১ একচাল্লিশ।

৯। অতবে খারিজ নবম গৃহে আসিলে মন্দ স্বপ্ন দেখে; ও অন্য স্থানে গমন করিলে ভাল হয়; লেখা পড়া ভাল হয় না; চোরের ভয় হয়।

নামের আদ্য অক্ষর (শ) দিন সংখ্যা ৪৯ উনপঞ্চাশ।

১০। অতবে খারিজ দশম গৃহে আসিলে কোন বিষয় কর্ম্মে চেষ্টা করিলে সফল হয় না ; কর্ম্মের স্থানে ভয় হয়, হাকিম ও মুরাব্বির দ্বারায় ভয় হয় ; মাতার নিকট হইতে পৃথক হয়।

নামের আদ্য অক্ষর (ত) দিন সংখ্যা ৫৮ আটান্ন।

১১। অতবে খারিজ একাদশ গৃহে আসিলে কাহারও উপায়ে—কয়েদী নিষ্কৃতি পায় ; পীড়া আরোগ্য হয়। শত্রুর সাহায্য পায় ; মনের মানস সিদ্ধ হয় না।

নামের আদ্য অক্ষর (স) ; দিন সংখ্যা ৬৮ আটষট্টি।

১২। অতবে খারিজ দ্বাদশ গৃহে আসিলে শত্রুর ও বড় জন্তুর ভয় হয় ; কয়েদী নিস্কৃতি পায় ; পীড়া আরোগ্য হয় ; নিশ্চয় মন বাঞ্ছা সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ব) ; দিন সংখ্যা ৭৯ উন আশী।

১৩। অতবে খারিজ ত্রয়োদশ গৃহে আসিলে নানা বিধ লোকের দ্বারায় কষ্ট পায়, শত্রুর ভয় হয় ; ও আবশ্যকীয় কার্য্যের চেষ্টা পায়।

নামের আদ্য অক্ষর (য) ; দিন সংখ্যা (৯১) একানব্বই।

১৪। অতবে খারিজ চতুর্দ্দশ গৃহে আসিলে মুরাব্বি ও বন্ধুর দ্বারায় মনের মানস সিদ্ধ হয় ; পীড়া আরোগ্য হয়।

নামের আদ্য অক্ষর (জ) ; দিন সংখ্যা ১০৪ একশত চার।

১৫। অতবে খারিজ পঞ্চদশ গৃহে আইসে না।

১৬। অতবে খারিজ ষোড়শ গৃহে আসিলে ভাল নাই ; শেষে কয়েদী নিস্কৃতি পায় মনের মতন কার্য্য সিদ্ধি হয়।

নামের আদ্য অক্ষর (গ) দিন সংখ্যা ১৩৩ একশত তেত্রিশ।

১৩। ত্রয়োদশ আকৃতি ⁘ নকী যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। নকী প্রথম গৃহে আসিলে কাহার আজ্ঞায় প্রশ্ন কারীর পক্ষে ভয় হয়; প্রথমে কার্য্য করিলে লাভ হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ন); ১৪ চতুর্দ্দশ দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। নকী দ্বিতীয় গৃহে আসিলে অর্থের নিমিত্ত ভয় হয়; বড় লোকের মোর সাহেব হয়; হাকিমের সাহায্যে অর্থপায় বিনা শ্রমে কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (স); ১৫ পঞ্চদশ দিবস মধ্যে।

৩। নকী তৃতীয় গৃহে আসিলে, ভাই ভগ্নি ও আত্মীয়ের সহিত বিবাদ হয়; নিকট বিদেশে যায়।

নামের আদ্য অক্ষর (অ); ১৭ সপ্তদশ দিবস মধ্যে।

৪। নকী চতুর্থ গৃহে আসিলে পিতার দ্বারায় কষ্ট পায়; অর্থ নষ্ট হয়; বাটী হইতে অন্য বাটীতে যাইতে হয়।

নামের আদ্য অক্ষর (ফ); ২০ বিংশতি দিবস মধ্যে।

৫। নকী পঞ্চম গৃহে আসিলে পঞ্চদশ দিবস মধ্যে বাসনা পূর্ণ হয়; নানা বিধ সংবাদ শ্রবণ করে; পুত্র ও পরিবার সন্তুষ্ট থাকে; ও ভাল বাসা স্ত্রীলোকের আনন্দ জন্মে।

নামের আদ্য অক্ষর (স); ২৪ চতুর্ব্বিংশতি দিবস মধ্যে।

৬। নকী ষষ্ঠ গৃহে আসিলে পীড়া ভাল হইয়া পুঃনরায় পীড়া হয়; দাস দাসী চলিয়া যায়; এই সকল প্রমান রূপে হইবে।

নামের আদ্য অক্ষর (ক); ২৯ উনত্রিশ দিবস মধ্যে।

৭। নকী সপ্তম গৃহে আসিলে বিদেশে গমন করিলে ভাল হয় না ; স্ত্রীর অত্যন্ত মন্দ ভাগ্য ; প্রশ্নকারী পুনঃরায় বিবাহ করেন। দৈব কর্ত্তৃক কাহার আজ্ঞায় পাঁচ জনের দ্বারায় এই সকল ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (র) ; ৩৫ পঞ্চত্রিংশৎ দিবস মধ্যে।

৮। নকী অষ্টম গৃহে আসিলে অর্থের নিমিত্ত ভয় হয় নানাবিধ লোকের দ্বারা বিবাদ হয় ; ঋণ হইতে মুক্ত হয়।

নামের আদ্য অক্ষর (শ) ; ৪২ বিয়াল্লিশ দিবস মধ্যে।

৯। নকী নবম গৃহে আসিলে জানিত লোকের দ্বারায় বিদেশ ও পথে ভয় হয়, মুরব্বির সাহায্য পায়; নানারকম স্বপ্নদেখে।

নামের আদ্য অক্ষর (ত) ; দিন সংখ্যা ৫০ পঞ্চাশ।

১০। নকী দশম গৃহে আসিলে অদৃষ্টের জোরে মুরব্বির নিকট হইতে অর্থ পায় ; এবং রাজা ভাল বাসে।

নামের আদ্য অক্ষর (স) ; ৫৯ উনষাট দিবস মধ্যে।

১১। নকী একাদশ গৃহে আসিলে আপনার জানিত লোকের দ্বারায় মুরব্বির সাহায্যে ভাল হয় ; শত্রুর সহিত বিবাদ হয় ; ও বিদেশ হইতে পত্র আইসে।

নামের আদ্য অক্ষর (য) ; ৬৯ উনসত্তর দিবস মধ্যে।

১২। নকী দ্বাদশ গৃহে আসিলে শত্রুর সহিত বিবাদ হয় ; ও শত্রু নিজে ভীত হয় ; বিদেশ হইতে পত্র আইসে না ; জন্তুর বৃদ্ধি হয় ; কয়েদী নিষ্কৃতি পাইয়া পুনরায় কয়েদ হয়।

নামের আদ্য অক্ষর (য) ; ৮০ অশীতি দিবস মধ্যে।

১৩। নকী ত্রয়োদশ গৃহে আসিলে ব্যবসায় ক্লেশ হয়, পরে মানস সিদ্ধ হয় ; বিদেশ হইতে চুরির দ্রব্য পায় ; বুদ্ধির

কৌশলে অর্থ পায়; বিশ্বাসী লোকের দ্বারায় বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হয় ও নিশ্চয় মনবাঞ্ছা সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (জ) ৯২ বিরানব্বই দিবস মধ্যে।

১৪। নকী চতুর্দ্দশ গৃহে আসিলে মুরব্বির ও হাকিমের সাহায্য পায়; সকল মানস ও মনের মতন কার্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (জ্ব); (১০৫) একশত পাঁচ দিবস।

১৫। নকী পঞ্চদশ গৃহে কখন আইসে না।

১৬। নকী ষোড়শ গৃহে আসিলে পীড়া আরোগ্য হয়; জয় হয়; স্ত্রীলোক হইতে মনের কামনা সিদ্ধ হয়; বিনাশ্রমে নিশ্চয় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (অ); ১৩৪ একশত চৌত্রিশ দিন।

১৪। চতুর্দ্দশ আকৃতি ০ ০ ০ অতবে দাখিল যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। অতবে দাখিল প্রথম গৃহে আসিলে প্রথম কার্য্যে লাভ হয় স্ত্রীলোক হইতে মানস সিদ্ধ ও বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশীর কিম্বা ডাকনামের আদ্য অক্ষর (জ); ৩ তিন দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। অতবে দাখিল দ্বিতীয় গৃহে আসিলে দৈব কর্ত্তৃক আপনার লোকের দ্বারায় অর্থ বৃদ্ধি হয়; ব্যবসায় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (দ); ৪ চারি দিবস মধ্যে।

৩। অতবে দাখিল তৃতীয় গৃহে আসিলে ভাই ভগ্নী ও আত্মীয়েরদ্বারায় কার্য্য সিদ্ধ ও বাঞ্ছা পূর্ণ হয়; বিদেশে লাভ হয়।

নামের আদ্য অক্ষর (হ); (৬) ছয় দিবস মধ্যে।

৪। অতবে দাখিল চতুর্থ গৃহে আসিলে অর্থ ও দ্রব্যাদি বৃদ্ধি হয়; পিতা সন্তুষ্ট থাকেন; পরমায়ু বৃদ্ধি ও কার্য্যসিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ব) ৯ নয় দিবস মধ্যে।

৫। অতবে দাখিল পঞ্চম গৃহে আসিলে আহ্লাদ জনক সংবাদ আইসে; ভালবাসা স্ত্রীলোকের সহিত বাসনা পূর্ণ হয়; পুত্রকে অত্যন্ত ভাল বাসে; ভেট আইসে; ই সকল জানিত লোকের দ্বারায় প্রমান রূপে হইবে।

নামের আদ্য অক্ষর (জ); ১৩ ত্রয়োদশ দিবস মধ্যে।

৬। অতবে দাখিল ষষ্ঠ গৃহে আসিলে সামান্য পীড়া হয়। কাহার উপায়ে বিশ্বাসী লোকের দ্বারায় দাস দাসীর বৃদ্ধি হয়,মনের কথা গোপন থাকে; স্ত্রী লোকের সহিত কথা হয়; কয়েদী নিষ্কৃতি পায়।

নামের আদ্য অক্ষর (হ); ১৮ অষ্টাদশ দিবস মধ্যে।

৭। অতবে দাখিল সপ্তম গৃহে আসিলে বিবাহ হয় মনের বাসনা সিদ্ধ হয়; স্ত্রীলোক ও অংশীদারের দ্বারায় লাভ হয়; বিদেশী ভাল থাকে; শত্রু ভয় থাকে না।

নামেরআদ্য অক্ষর (ত্ব); ২৪ চতুর্ব্বিংশতি দিন।

৮। অতবে দাখিল অষ্টম গৃহে আসিলে বিদেশী ভাল থাকে; স্ত্রীলোক বৃদ্ধ হয়; দেনা পাওনায় অংশীদারের দ্বারায় লাভ হয়।

নামের আদ্য অক্ষর (যঁ); ৩১ একত্রিংশ দিবস মধ্যে।

৯। অতবে দাখিল নবম গৃহে আসিলে বিদেশী ভালথাকে; বিদেশে চোর কিম্বা দস্যু ভয় থাকে না, সকলেই তাঁহাকে

বিশ্বাস করে ; সর্ব্বদাই ঈশ্বর চিন্তায় মগ্ন থাকে ; সন্তোষ জনক স্বপ্ন দেখে ; নানাবিধ লোকের দ্বারায় এই ফল ঘটিবে

নামের আদ্য অক্ষর (ক) ; ৩৯ উনচল্লিশ দিবস মধ্যে ।

১০ । অতবে দাখিল দশম গৃহে আসিলে মাতা আহ্লাদিত হন ; হাকিমের দ্বারায় কর্ম্ম বৃদ্ধি হয় ; পাঁচ জন লোকের দ্বারায় এই সকল ঘটিয়া থাকে ।

নামের আদ্য অক্ষর (ল) ; ৪৮ আটচল্লিশ দিবস ।

১১ । অতবে দাখিল একাদশ গৃহে আসিলে বন্ধুর দ্বারায় মনস্কামনা সিদ্ধ হয় ; বন্ধুতা দৃঢ় হয় ; বড় কারবারে লাভ হয় ।

নামের আদ্য অক্ষর (ম) ; ৫৮ আটান্ন দিবস মধ্যে ।

১২ । অতবে দাখিল দ্বাদশ গৃহে আসিলে অশ্ব, উষ্ট্র সম বৃহৎ জন্তু হইতে লাভ হয় ; শত্রু ভয় হয় না । কয়েদী বহু দিবস কয়েদ থাকে ; কিন্তু বিনা আয়াসে নিস্কৃতি পায় ।

নামের আদ্য অক্ষর (ন) ; ৬৯ উনসত্তর দিন ।

১৩ । অতবে দাখিল ত্রয়োদশ গৃহে আসিলে মন সন্তোষ থাকে ; কারবারে লাভ হয় ; মুরব্বির দ্বারায় মানস সিদ্ধ হয় ; সর্ব্ব প্রকারে ভাল হয় ।

নামের আদ্য অক্ষর (স) ; ৮১ একাশী দিবস মধ্যে ।

১৪ । অতবে দাখিল চতুর্দ্দশ গৃহে আসিলে বন্ধু হইতে মন প্রফুল্লিত হয় ; মুরব্বি ও উচ্চপদস্থ লোকের দ্বারা বাঞ্ছা পূর্ণ হয় ; এবং সাহায্য পায় ; বিনাশ্রমে কার্য্য সিদ্ধ হইবে ও নিশ্চয় মনবাঞ্ছা পূর্ণ হইবে ।

নামের আদ্য অক্ষর (অ) ; ৯৪ চুরানব্বুই দিবস মধ্যে ।

১৫ । অতবে দাখিল পঞ্চদশ গৃহে আইসে না ।

১৬। অতরে দাখিল ষোড়শ গৃহে আসিলে বহু দিবস জীবিত থাকিবে; ব্যবসায় লাভ হয়। কাহার আজ্ঞায় সমস্ত কর্ম্ম উত্তমরূপে সমাধা হয়; বিদেশীর শুসংবাদ আইসে।

নামের আদ্য অক্ষর (স); ১২৩ একশত ত্রয়োবিংশতি

১৫। পঞ্চদশ আকৃতি ইস্তমত যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ॥

১। ইস্তমত প্রথম গৃহে আসিলে মন ভাল থাকে দেওয়ানি কার্য্যে লাভ হয়; লেখা পড়া ভাল রূপ করে; তেজারতি কার্য্যে লাভ হয়।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (ক); এবং ১১ একাদশ দিবস মধ্যে অনুভব হয়।

২। ইস্তমত দ্বিতীয় গৃহে আসিলে অংশের দেওয়ানির কিম্বা তেজারতির কার্য্যে লাভ হয়; এই সকলের কেহ উপায় দেখাইয়া দেয় ও পাঁচ জনের দ্বারায় সফল হয়।

নামের আদ্য অক্ষর (ল); ১২ দ্বাদশ দিবস মধ্যে।

৩। ইস্তমত তৃতীয় গৃহে আসিলে ভ্রাতা ও ভগ্নিরসহিত সদ্ভাব থাকে এবং তাহার দৃঢ়তা হয়; নিকট বিদেশ যাইলে লাভ হয়; জানিত ব্যাক্তির দ্বারায় এই সকল হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ম); ১৪ চতুর্দ্দশ দিবস মধ্যে।

৪। ইস্তমত চতুর্থ গৃহে আসিলে পিতা সন্তুষ্ট থাকেন; এবং বহু অর্থ হয়; নিজ গৃহ চিত্র বিচিত্র হয়।

নামের আদ্য অক্ষর (ন); ১৭ সপ্তদশ দিবস মধ্যে।

৫। ইস্তমত পঞ্চম গৃহে আসিলে পুত্র ও ভালবাসা স্ত্রী লোক সন্তুষ্ট থাকে; বিদেশ হইতে বন্ধুর পত্র আইসে, শত্রু বন্ধু হয়; নানাবিধ লোক হইতে ইচ্ছানুরূপ কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (স) ; ২১ একবিংশতি দিবস মধ্যে।

৬। ইস্তমত ষষ্ঠ গৃহে আসিলে রোগীর মন অস্থির হয় ও মিথ্যা ভীত হয়; ভৃত্য সংখ্যা অধিক হয়; আন্তরিক ভাব গোপন থাকে; বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (অ) ; ২৬ ছাব্বিশ দিবস মধ্যে।

৭। ইস্তমত সপ্তম গৃহে আসিলে বিদেশী ভাল থাকে; বিবাহের চেষ্টা পাইলে বিবাহ হয়; অংশের কার্য্যে লাভ হয়; বিনাশ্রমে সকল কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ক) ; ৩২ বত্রিশ দিন মধ্যে।

৮। ইস্তমত অষ্টমগৃহে আসিলে কোন মান্যনীয় ব্যক্তির সাংঘাতিক সন্দেহ থাকে; রোগীর জীবনাশঙ্কা হয়; দেওয়ানি মকর্দ্দমায় ভয় হয়; পৈতৃক বিষয় দাবী করিলে প্রাপ্ত হয়; কাহার আজ্ঞায় এই সকল ঘটিয়া থাকে। কিন্তু যদ্যপি ১।৪।১০ প্রথম, চতুর্থ, কিম্বা দশম গৃহে শুভ আকৃতি কিম্বা খারিজ আকৃতি আইসে তাহা হইলে ভাল হয়।

নামের আদ্য অক্ষর (স) ; ৩৯ উনচল্লিশ দিবস মধ্যে।

৯। ইস্তমত নবম গৃহে আসিলে মুরব্বিব দ্বারায় লাভ হয়; ভাল স্বপ্ন দেখে; অংশের কার্য্যে ও তেজারতিতে লাভ হয়; ভয় থাকে না; বিনা শ্রমে কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ক) ; ৪৭ সাতচল্লিশ দিবস।

১০। ইস্তমত দশম গৃহে আসিলে দেওয়ানি কার্য্যে

ও বিদ্বান ব্যক্তি হইতে লাভ হয়; মাতা সন্তুষ্ট থাকেন পীড়িত ব্যক্তি আরোগ্য হন; এই সকল আপনার জানিত ব্যক্তির দ্বারায় প্রমান রূপে হইবে।

নামের আদ্য অক্ষর (র); ৫৬ ছাপান্ন দিবস মধ্যে।

১১। ইস্তমত একাদশ গৃহে আসিলে বন্ধুর দ্বারায় মনস্কামনা সিদ্ধ হয়; দেওয়ানি কার্য্যে লাভ হয়; নূতন কার্য্য আরম্ভ করে; বিবাহে লাভ হয়; মন বাঞ্ছা পুর্ণ হয়।

নামের আদ্য অক্ষর (শ); (৬৬) ছিষট্টি দিবস মধ্যে।

১২। ইস্তমত দ্বাদশ গৃহে আসিলে বৃহৎ পশুর বৃদ্ধি হয়; বিদেশী ভাল থাকে; বিদ্যান ব্যক্তির দ্বারা লাভ না হইয়া শত্রুতা জন্মে, দেওয়ানি কার্য্যে শত্রুতা হয়; বহু দিবস ব্যাপিয়া কয়েদী কয়েদ থাকে।

নামের আদ্য অক্ষর (ত); ৭৭ সাতাত্তর দিবস মধ্যে।

১৩। ইস্তমত ত্রয়োদশ গৃহে আসিলে বিদেশী বাটী আইসে হৃত বস্তু প্রাপ্ত হয়।

নামের আদ্য অক্ষর (স); ৮৯ উননব্বুই দিবস মধ্যে।

১৪। ইস্তমত চতুর্দ্দশ গৃহে আসিলে বিশ্বাসী লোক হইতে ব্যবসায় বহু দ্রব্যাদি হয়; বিদ্যান ব্যক্তির দ্বারায় মানস সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ষ); ১০২ একশত দুই দিবস মধ্যে।

১৫। ইস্তমত পঞ্চদশ গৃহে আসিলে সুখে থাকে; বন্ধু হইতে আনন্দ জন্মে; স্ত্রীলোক ও বন্ধুর দ্বারায় মনবাঞ্ছা পূর্ণ ও সমস্ত কার্য্যে ভাল হয়। দৈবকর্তৃক মনবাঞ্ছা সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (য); ১১৬ একশত ষোড়শ দিন।

১৬। ইন্দ্রমত ষোড়শ গৃহে আসিলে ; বিদেশী ভাল থাকে দেওয়ানী মকর্দ্দমায় লাভহয় ; কাছারি বাটী নির্ম্মিত হয়।

নামের আদ্য অক্ষর (জ) ; ১৩১ একশত একত্রিশ দিবস।

১৬। ষোড়শ আকৃতি ⁘ তরিখ যাচায় যে গৃহে আসিলে যে ফল হয় তাহার বিবরণ।

১। তরিখ প্রথম গৃহে আসিলে প্রশ্ন কর্ত্তার বিদেশ যাইতে হয় ; মন চঞ্চল থাকে ; কার্য্য আরম্ভ করে ; এবং মুরব্বির দ্বারায় লাভ হইবে।

যাহার দ্বারায় হইবে তাহার রাশী কিম্বা ডাক নামের আদ্য অক্ষর (হ) ; ৫ পাঁচ দিবস মধ্যে ফল অনুভব হয়।

২। তরিখ দ্বিতীয় গৃহে আসিলে অর্থ লুট হয় ; অর্থ আইসে এবং তদ্রূপ খরচ হইয়া যায় ; বন্ধুর বেশী অর্থ হয় ; বিদেশী সুখে থাকে।

নামের আদ্য অক্ষর (ব) ; ৬ ছয় দিবস মধ্যে।

৩। তরিখ তৃতীয় গৃহে আসিলে বিদেশে লাভ হয়। ভ্রাতা ভগ্নি মুরব্বি, এবং আত্মীয় দ্বারা আনন্দ জন্মে।

নামের আদ্য অক্ষর (জ) ; ৮ আট দিবস মধ্যে।

৪। তরিখ চতুর্থ গৃহে আসিলে জানিত ব্যক্তি হইতে কার্য্যে লাভ হয় ; পিতা ও মুরব্বির দ্বারায় মানস সিদ্ধ হয়, বিদেশী বাটী আইসে ; পৈতৃক বিষয় ছিন্ন ভিন্ন হয় এবং জমির বৃদ্ধি হইবে।

নামের আদ্য অক্ষর (হ) ; ১১ একাদশ দিবস মধ্যে।

৫। তরিখ পঞ্চম গৃহে আসিলে ভালবাসা স্ত্রীলোকের দ্বারায় মনবাঞ্ছা পূর্ণ হয়; সন্তান হইতে সন্তুষ্ট লাভ করে; ভালবাসা স্ত্রীলোকের নিকট হইতে সুসংবাদ ও ভেট আইসে

নামের আদ্য অক্ষর (ত্ব) (১৫) পঞ্চদশ দিবস মধ্যে।

৬। তরিখ ষষ্ঠ গৃহে আসিলে স্ত্রীলোককে ত্যাগ করে; পীড়া আরাম হয়; পুনঃরায় পীড় হইয়া আরোগ্য হয়; ভৃত্য সংখ্যা মধ্যবিত্ত রকম থাকে।

নামের আদ্য অক্ষর (য); ২০ বিংশতি দিবস মধ্যে।

৭। তরিখ সপ্তম গৃহে আসিলে বিদেশী ভাল থাকে, এবং দেশে প্রত্যাগমন করে; বিভাগ করিবার মকর্দ্দমায় ভাল হয়; মধ্যবিত্ত গৃহে বিবাহ হয়।

নামের আদ্য অক্ষর (ক) ২৬ ছাব্বিশ দিবস মধ্যে।

৮। তরিখ অষ্টম গৃহে আসিলে স্ত্রীলোকের সহিত কথোপকথন হয়; ভয় হয় না, মনের মতন কার্য্য সিদ্ধ হয়।

নামের আদ্য অক্ষর (ল); ৩৩ তেত্রিশ দিবস মধ্যে।

৯। তরিখ নবম গৃহে আসিলে বিদেশে লাভ হয়; রাত্রে নানা প্রকার স্বপ্ন দেখে; মতি মন্দ কর্ম্মে আর প্রবৃত্ত হয় না এই সকল আপনার জানিত লোকের দ্বারায় হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ম); ৪১ একচল্লিশ দিবস মধ্যে।

১০। তরিখ দশম গৃহে আসিলে বিদেশী ভাল থাকে মুরব্বি ও হাকিমের দ্বারায় লাভ হয়; মাতার দ্বারায় সন্তোষ জন্মে ও লাভ হয়; উচ্চ কর্ম্ম আরম্ভ করে; নানা বিধ লোকের দ্বারায় এই সকল ঘটিয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ন); ৫০ পঞ্চাশ দিবস মধ্যে।

১১। তরিখ একাদশ গৃহে আসিলে বিদেশী মুরব্বি ও বন্ধুর দ্বারায় মন বাঞ্ছা পূর্ণ হয়; বন্ধুর মন বাঞ্ছা সম্পূর্ণ সিদ্ধ হয় না; বন্ধুর মন চঞ্চল হয়।

নামের আদ্য অক্ষর (স); ৬০ ষষ্ঠি দিবস মধ্যে।

১২। তরিখ দ্বাদশ গৃহে আসিলে পীড়িতের পক্ষে শুভ ফল প্রদ, কয়েদী নিষ্কৃতি পাইয়া পুনঃরায় কয়েদ হয়, রং জন্তুর বৃদ্ধি হয়। প্রমান রূপে হইবে।

নামের আদ্য অক্ষর (অ); ৭১ একাত্তর দিবস মধ্যে।

১৩। তরিখ ত্রয়োদশ গৃহে আসিলে বিদেশী বাটীতে আইসে, প্রশ্নকর্ত্তা কোন কর্ম্মের নিমিত্ত উদ্বিগ্ন থাকেন তাহাতে ভাল হয়। পাঁচ জনের দ্বারায় কার্য্য সিদ্ধ হইয়া থাকে।

নামের আদ্য অক্ষর (ফ); ৮৩ তিরাশী দিবস মধ্যে।

১৪। তরিখ চতুর্দ্দশ গৃহে আসিলে কাহার উপায়ে কারবারে বিনাশ্রমে নিশ্চয় মনবাঞ্ছা সিদ্ধ হইবে অর্থাৎ লাভ হইবে।

নামের আদ্য অক্ষর (স); ৯৬ ছিয়ানব্বুই দিবস মধ্যে।

১৫। তরিখ পঞ্চদশ গৃহে আসিলে নিজ ব্যবসায় লাভ হয়; স্বস্থান হইতে অন্য স্থানে যাইতে হয়; বন্ধুর দ্বারায় মনবাঞ্ছা পুর্ণ হয়; কাহার উপায়ে ও আজ্ঞায় বিনা-শ্রমে সকল কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (ক); ১১০ একশত দশ দিবস।

১৬। তরিখ ষোড়শ গৃহে আসিলে মনবাঞ্ছা পুর্ণ হয়; পীড়া আরোগ্য হয়; সুস্থ শরীরে ও নিরাপদে বিদেশ হইতে ফিরিয়া আইসে। দৈবকর্ত্তৃক বিনাশ্রমে নিশ্চয় কার্য্য সিদ্ধ হইবে।

নামের আদ্য অক্ষর (র); ১২৫ একশত পচিশ দিবস।

উল্লিখিত ফল দেখিবার নিয়ম।

প্রথমে ১ খণ্ডে ; ১৭ পৃঃ হইতে ২১ পৃষ্ঠার লেখা অনুযাইক যাচার কোন কোন গৃহে কি কি বিষয় দেখিতে হয় দেখিয়া তদনুযাইক ফল বলিবে ; শুভ ফল হইলে লিখিত দিন সংখ্যার মধ্যে শুভ ফল প্রত্যক্ষীভূত হয় অশুভ ফল হইলে ততদিন পর্য্যন্ত অশুভ ফলস্থায়ী হয় পরে ভাল হইতেপারে।

যদ্যপি প্রশ্নকর্ত্তার প্রশ্নানুযাইক ফল তথায় না লিখিত থাকে তাহা হইলে তথায় লিখিত ফল সমষ্ঠিতে শুভ বুঝাইলে শুভ ফলপ্রদ জানিবে অশুভ বুঝাইলে অশুভ জানিবে।

মানসিক প্রশ্ন বলিবার নানাবিধ উপায়।

১। প্রথম আকৃতি লহিয়ান যাচার যে গৃহে যাইবে সেই গৃহে যে যেবিষয় হইতে পারে তৎসম্বন্ধীয় ভাব বুঝায় ; কিম্বা ঐ প্রথম আকৃতি লহিয়ান যাচার যত নম্বর গৃহে আছে সেই নম্বর গৃহের নির্দ্ধারিত আকৃতি যদ্যপি যাচার কোন গৃহে থাকে সেই গৃহে যে যে বিষয় হইতে পারে তৎসম্বন্ধীয় ভাব বুঝায়।

২। পঞ্চদশ আকৃতি ইস্তমত ও যাচার ষষ্ঠগৃহের আকৃতি এই দুইআকৃতিতে যোগ করিয়া যে আকৃতি হইবে তাহার যত নম্বর যাচার সেই নম্বর গৃহে যে যে বিষয় তৎসম্বন্ধীয় কোনভাব বুঝায় ; কিম্বা ঐ মিশ্রিত আকৃতিটীর যত নম্বর যাচার সেই নম্বর গৃহে যে আকৃতি আসিয়াছে সেই আকৃতির যত নম্বর পুনঃরায় যাচার সেই নম্বর গৃহে যে যে বিষয় হইতে পারে তদসম্বন্ধীয় ভাব ; কিম্বা ঐ মিশ্রিত আকৃতিটী যদি যাচার কোন গৃহে আসিয়া থাকে সেইগৃহে যে যে বিষয় তৎসম্বন্ধীয়ভাব বুঝায়।

৩। যাচার অর্থাৎ শিকলের প্রথম গৃহে যে আকৃতি হইবে সেই আকৃতির যে নম্বর সেই নম্বর গৃহে যে যে বিষয় হইতে পারে তৎসম্বন্ধীয় ভাব বুঝায় ; কিম্বা প্রথম গৃহে যে আকৃতি আসিয়াছে সেই আকৃতি যত নম্বরের যাচার সেই নম্বর গৃহে যে আকৃতি আসিয়াছে তাহার যত নম্বর সেই নম্বর গৃহে যে যে বিষয় হইতে পারে তৎসম্বন্ধীয় ভাব বুঝায়।

৪। যাচায় কোন আকৃতি এক বারের অধিক আসিলে সেই আকৃতির নম্বরের গৃহে যে যে বিষয় তৎসম্বন্ধীয় ভাব বুঝায়। কিম্বা যদ্যপি কোন আকৃতি যে নম্বরের যাচার সেই নম্বর গৃহে আসে সেই গৃহে যে যে বিষয় বুঝায় তদসম্বন্ধীয় ভাব জানিবে।

৫। ১ ভাগ ১৬ পৃ লেখা অনুযায়িক ঠিক কাজির (দুইটী শূন্যর ফলবক্তা বিচার পতি) ঊর্দ্ধ হইতে নিম্ন দিকে গমন করিতে প্রথম বিন্দু রাজা অর্থাৎ প্রশ্ন, এবং দ্বিতীয় বিন্দু মন্ত্রী অর্থাৎ প্রশ্ন ফল জানিবে। পরে ঐ পঞ্চদশ আকৃতি যে দুই আকৃতি হইতে উৎপন্ন হইয়াছে অর্থাৎ ত্রয়োদশ এবং চতুর্দ্দশ আকৃতির মধ্যে রাজার শূন্য যে তত্ত্বের সেই তত্ত্বে শূন্য যে আকৃতিতে আছে সেই আকৃতি অবলম্বন পূর্ব্বক ক্রমশ উৎপাদক দুইটি আকৃতির মধ্যে যেটীতে সেই তত্ত্বে শূন্য থাকিবে সেইটী অবলম্বন করিয়া যে আকৃতিতে শেষ হইবে সেইটী ; কিম্বা সেটী বানত কিম্বা উমাহত এই দুই পক্ষের কোন পক্ষে দেখিয়া পরে যে পক্ষের হইবে সেই পক্ষ ভিতরে পার্শ্বানুবর্ত্তী আকৃতিতে ঐ তত্ত্বে শূন্য থাকিলে সেইটী অবলম্বন করিয়া যেটীতে শেষ হইবে সেই আকৃতি যত নম্বরের যাচার সেই নম্বর গৃহে যে যে বিষয় হইতে পারে তৎসম্বন্ধীয় ভাব বুঝায়।